# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৯৪তম বোর্ডসভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ২৯ জুলাই, ২০১০ |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | কর্ণেল তানভির হাসান মজুমদার<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড<br>ও<br>স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) গ্রুপ ক্যাপ্টেন মোহাম্মদ ওয়াসেক ইকবাল খান মজলিশ, পিএসসি, জিডি(পি) — অনুপস্থিত
অধিনায়ক (প্রশাসনিক শাখা)
বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(২) লেঃ কর্ণেল মোঃ সাঈদ আনোয়ারুল ইসলাম — উপস্থিত
সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৩) মেজর এ কে এম শহীদুল হাসান — উপস্থিত
স্টেশন হেলথ অফিসার
প্রতিনিধি, কমান্ড্যান্ট
সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৪) লেঃ কমান্ডার কামরুল আলম, (জি), বিএন — উপস্থিত
প্রতিনিধি, অধিনায়ক
বিএনএস হাজী মহসিন, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৫) ব্রিগেডিয়ার জেনারেল (অবঃ) মোঃ মোতাহার হোসেন — উপস্থিত
বাড়ী#১৮৬, লেন#৩, ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৬) জনাব হেলাল উদ্দিন আহ্‌মেদ — উপস্থিত
বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা
ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৭) শাহে এলিদ মাইনুল আমিন — অনুপস্থিত
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

এছাড়া সভায় বিশেষ আমন্ত্রণে উপস্থিত ছিলেন ব্রিগেঃ জেনাঃ আহমেদ ইমরুল কায়েস, এনডিইউ, পিএসসি (অবঃ), সেক্রেটারী, মহাখালী ডিওএইচএস পরিষদ, মেজর খন্দকার নুরুল আফসার (অবঃ), সেক্রেটারী, বনানী ডিওএইচএস পরিষদ, লেঃ কর্নেল এম আব্দুর রব (অবঃ), সেক্রেটারী, বারিধারা ডিওএইচএস পরিষদ এবং লেঃ কর্ণেল মোঃ শায়েরুজ্জামান, পিএসসি (অবঃ), সেক্রেটারী, মিরপুর ডিওএইচএস পরিষদ।

*চলমান পাতা-২*

সভার শুরুতেই উপস্থিত সদস্য এবং আমন্ত্রিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্যসূচী-১ ঃ গত ২৩ জুন, ২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

আলোচনা ঃ গত ২৩ জুন, ২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী সভায় বিস্তারিত পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে উক্ত সভার কার্যবিবরণী অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় সর্বসম্মত মত প্রকাশ করা হয়।

গৃহীত সিদ্ধান্ত ঃ গত ২৩ জুন, ২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনান্তে দৃঢ়করণ করা হলো।

আলোচ্যসূচী-২ ঃ জুন, ২০১০ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।

আলোচনা ঃ জুন, ২০১০ মাসের রাজস্ব আদায় বকেয়ার উপর প্রতিবেদন সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে ২০০৯-২০১০ আর্থিক সালের বিস্তারিত প্রতিবেদন আগামী সভায় পর্যালোচনা করার বিষয়ে মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ আগামী সভায় ২০০৯-২০১০ আর্থিক সালের রাজস্ব-আদায় বকেয়ার উপর বিস্তারিত প্রতিবেদন উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩ ঃ জুন, ২০১০ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসে পরিষ্কার-পরিচ্ছন্নতা সন্তোষজনক অবস্থায় আছে। মশার উপদ্রব নিয়ন্ত্রণের মধ্যে রয়েছে। তবে বিচ্ছিন্নভাবে এডিস মশার উপস্থিতি লক্ষ্য করা গেছে। এছাড়া আসন্ন রমজানে মসজিদ এলাকায় মশক নিধন কার্যক্রম জোরদার করার বিষয়ে সভায় মত প্রকাশ করা হয়। এছাড়াও ডিওএইচএস এলাকায় মশক নিধন কার্যক্রম জোরদার করার জন্য স্টেশন হেলথ অর্গানাইজেশনকে ঔষধ সরবরাহের জন্য অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্ত ঃ পবিত্র রমজান মাস উপলক্ষে সেনানিবাসের সকল মসজিদ সংলগ্ন এলাকার পরিষ্কার পরিচ্ছন্নতা জোরদারসহ ব্যাপকভাবে মশক নিধন কার্যক্রম পরিচালনা করার জন্য ক্যান্টনমেন্ট বোর্ড এবং স্টেশন হেলথ অর্গানইজেশনকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়াও সকল ডিওএইচএস এলাকায় মশক নিধন ঔষধ সরবরাহের জন্য স্টেশন হেলথ অর্গানাইজেশনকে অনুরোধ জানানো হলো।

আলোচ্যসূচী-৪ ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্রমিক নং-১ হতে ৪ এ উল্লেখিত ক্যান্টনমেন্ট বাজার এলাকার নিম্নবর্ণিত বাড়ীসমূহে নির্মিত ফ্ল্যাটসমূহ সংশ্লিষ্ট ক্রেতাগণের নিকট বিক্রয়/হস্তান্তর করার জন্য বাড়ী/ফ্ল্যাটের মালিকগণ অত্র দপ্তরে আবেদন করেন। এ বিষয়ে প্রয়োজনীয় ছাড়পত্রের জন্য ডিজিএফআই-তে প্রেরণ করা হলে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের কর্তৃক নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে। উল্লেখ্য যে, আলোচ্য বাড়ীসমূহে অননুমোদিত নির্মাণ নেই/অননুমোদিত নির্মাণের জন্য ধার্যকৃত ক্ষতিপূরণ ইতোমধ্যে পরিশোধ করা হয়েছে এবং বাৎসরিক গৃহকর হালনাগাদ পরিশোধ হয়েছে/প্রক্রিয়াধীন আছে। বিস্তারিত পর্যালোচনান্তে যে সকল বাড়ীর অননুমোদিত নির্মাণ নেই/অননুমোদিত নির্মাণের জন্য ধার্যকৃত ক্ষতিপূরণ পরিশোধ করা হয়েছে এবং যাদের গৃহকর হালনাগাদ পরিশাধ করা হয়েছে সেগুলির সংশ্লিষ্ট ক্রেতার নিকট বিক্রয়/হস্তান্তর করার নিমিত্তে অনুমতি প্রদান করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয় ঃ-

চলমান পাতা-৩

আলোচ্যসূচী-৬ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩৭/এ নং প্লটের জনাব এম হাফিজ উদ্দিন, অবসরপ্রাপ্ত সার্ভেয়ার জেনারেল এর অংশের মালিকানা ০৭ (সাত) পুত্র ও কন্যার নামে রেজিষ্ট্রিকৃত দানপত্রের মাধ্যমে ঘটনোত্তর অনুমোদন এবং নামজারীকরণের অনুমতি প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩৭/এ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মালিক রহিমা খাতুন, স্বামী- জনাব এম হাফিজ উদ্দিন এর মৃত্যুর পর বোর্ডসভার অনুমোদনক্রমে মরহুমার স্বামী ও ০৭(সাত) পুত্র-কন্যার নামে নামজারী করা হয়। জনাব এম হাফিজ উদ্দিন তাঁর অংশের সম্পত্তি তদীয় পুত্র-কন্যাদের মাঝে রেজিস্ট্রিকৃত ডিক্লারেশন অব হেবা দলিল মূলে দান করেছেন এবং দানপত্রের কপিসহ সংশ্লিষ্টদের নামে নামজারী করার জন্য অত্র দপ্তরে আবেদন করেছেন। এ বিষয়ে অত্র দপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত গ্রহণ করা হয়েছে। তিনি তাঁর আইনগত মতামতে জানান যে, বিষয়টি আইনানুগ ও সঠিক আছে মর্মে প্রতীয়মান হয়। উক্ত বাড়ীর বাৎসরিক গৃহকর ৩০,০০০/- টাকা নির্ধারণ করা হয়েছে যা অদ্যাবধি পরিশোধ করা হয়নি।

সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩৭/এ নং প্লটের হালনাগাদ গৃহকর পরিশোধ সাপেক্ষে জনাব এম হাফিজ উদ্দিন এর অংশ তদীয় পুত্র-কন্যাদের অনুকূলে দান করার বিষয়টি ঘটনোত্তর অনুমতি প্রদানসহ সংশ্লিষ্টদের নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৭ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮০ নং প্লটে নির্মিত বাড়ীর ৫ম তলার পূর্বদিকের এবং ৬ষ্ঠ তলার পূর্ব দিকের ফ্ল্যাট দুইটি উক্ত প্লটের মালিক জনাব এম, এ, রাজ্জাক তার দুই ছেলেকে হেবা/দানপত্র করার অনুমতি প্রদান প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮০ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মালিক জনাব এম এ রাজ্জাক। উক্ত প্লটে ৪র্থ তলা পর্যন্ত ভবন নির্মাণ করা হয়েছে। উক্ত ভবনের ৫ম তলা তদীয় দুই পুত্রকে রেজিস্ট্রিকৃত হেবা দলিল মূলে দান করার জন্য খসড়া দলিলসহ গত ১১ এপ্রিল, ২০১০ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উক্ত বাড়ীর বাৎসরিক গৃহকর ১৩,৮৭৫/- টাকা যা জুন, ২০১০ পর্যন্ত পরিশোধ আছে।

সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮০ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর ৫ম তলা মালিকের দুই পুত্রকে রেজিস্ট্রিকৃত হেবা দলিলমূলে দান করার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৮ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে গাড়ী পার্কিং স্থান এর নবায়নযোগ্য জমি ইজারা প্রদান প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ষ্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ১৩/১/২০১০ তারিখের ৬১৯/৪/এ নং পত্রের মাধ্যমে রজনীগন্ধা সুপার মার্কেটের কার পার্কিং এর স্থানটি নিম্নে বর্ণিত হারে টোল আদায়ের জন্য রজনীগন্ধা সুপার মার্কেট কমিটিকে অস্থায়ীভাবে ০৩ (তিন) মাসের জন্য দায়িত্ব প্রদান করা হয় ঃ-

**<u>টোল আদায়ের হার</u>**

১। প্রাইভেট কার- ৫.০০ টাকা (প্রতি ০৩ ঘন্টার জন্য)
২। মোটর সাইকেল- ৩.০০ টাকা (প্রতি ০৩ ঘন্টার জন্য)
৩। পিকআপ- ১০.০০ টাকা (প্রতি ০৩ ঘন্টার জন্য)

চলমান পাতা-৫

উক্ত কার পার্কিং স্থানটি নবায়নযোগ্য ইজারা প্রদানের জন্য জনাব মোঃ আব্দুল বাতেন ১৬/৬/২০১০ তারিখে ষ্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসে আবেদন করেন। উক্ত আবেদন পত্রটি ষ্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস ০৬/৭/২০১০ তারিখের ৬১৯/৪/এ/১ নং পত্রে ক্যান্টনমেন্ট বোর্ডে প্রেরণ করা হয় এবং বিষয়টি বোর্ড সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়। বিস্তারিত আলোচনায় উক্ত স্থানটি আপাততঃ ইজারা প্রদান না করে যেভাবে কমিটির মাধ্যমে পরিচালিত হচ্ছে সেভাবেই পরিচালনা করা উচিত মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে গাড়ী পার্কিং স্থানটি আপাততঃ ইজারা প্রদান না করার সিদ্ধান্ত গৃহীত হলো। তবে মার্কেট কমিটির মাধ্যমে বর্তমানে যেভাবে পরিচালিত হচ্ছে, সেভাবেই পরিচালনা করা হোক।

আলোচ্যসূচী-৯ ঃ শহীদ রমিজ উদ্দিন কলেজ ক্যান্টিন পুনঃ ইজারা প্রদান প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, শহীদ রমিজউদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের ক্যান্টিন বরাদ্দের জন্য শেখ মোঃ আমিরুজ্জামান ২৪ জুন, ১৯৯৯ তারিখে আবেদন করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে প্রধান শিক্ষকের সুপারিশের ভিত্তিতে ২৯ জুন, ১৯৯৯ তারিখে বোর্ড সভার ৬ নং সিদ্ধান্তের আলোকে ৭ জুলাই, ১৯৯৯ তারিখের ঢাক্যাবো/টিআরসি/৫০/১৮৯ নং পত্রে ১২×১৮ ফুট জায়গা সেমি পাকা দোকান করার জন্য মাসিক ৫০০/- (পাঁচশত) টাকা ভাড়া পরিশোধ সাপেক্ষে ৭ জুলাই, ১৯৯৯ তারিখ হতে ০১ (এক) বৎসরের জন্য নিজ খরচে দোকান ঘর নির্মাণ করার অনুমতি প্রদান করা হয়। শেখ মোঃ আমিরুজ্জামান এর ৭ জুন, ২০০০ তারিখের আবেদনের প্রেক্ষিতে ২০ জুলাই, ২০০০ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার-১৭ নং সিদ্ধান্তের আলোকে ১০% ভাড়া বৃদ্ধি করে মাসিক ৫৫০/- (পাঁচশত পঞ্চাশ) টাকা ভাড়ার ভিত্তিতে ০১ আগস্ট, ২০০০ তারিখ হতে ৫ (পাঁচ) বৎসরের জন্য ইজারা প্রদান করা হয়। শেখ মোঃ আমিরুজ্জামান এর ২৩ জুন, ২০০৫ তারিখের আবেদনের প্রেক্ষিতে ২৬ জুলাই, ২০০৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার ২৪ বিবিধ (১) নং সিদ্ধান্তের আলোকে মাসিক ৬০০/- (ছয়শত) টাকা ভাড়ার ভিত্তিতে ০১ আগস্ট, ২০০৫ তারিখ হতে পুনরায় ইজারা প্রদান করা হয়। যার মেয়াদ আগামী ৩১ জুলাই, ২০১০ তারিখে শেষ হবে। উল্লেখ্য ক্যান্টিনের বরাদ্দ গ্রহীতা গত ১৩ জুলাই ২০১০ তারিখে তার স্ব-ব্যাখ্যাত আবেদনে ক্যান্টিনটি পুনরায় ০৫ (পাঁচ) বছরের জন্য ইজারা দেয়ার আবেদন করেছেন। উল্লেখ্য যে, সেনাপল্লী হাই স্কুলের ০১ টি ক্যান্টিন ২৫,০০০/-(পচিশ হাজার) টাকা সালামী এবং মাসিক ১,৬০০/-(এক হাজার ছয়শত) ভাড়ায় ১/১/২০১০ তারিখ হতে ০৫(পাঁচ) বছর এবং আদর্শ বিদ্যানিকেতন মানিকদী স্কুলের ০১ টি ক্যান্টিন ২৫,০০০/-(পচিশ হাজার) টাকা সালামী ও মাসিক ১,৫০০/-(এক হাজার পাঁচশত) টাকা ভাড়ায় ০১/১/২০১০ তারিখ হতে ০৫(পাঁচ) বছর মেয়াদে ইজারা প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ শহীদ রমিজ উদ্দিন কলেজ ক্যান্টিনটি ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা সালামী এবং মাসিক ২,০০০/- (দুই হাজার) টাকা ভাড়ায় মেয়াদোত্তীর্ণের তারিখ হতে পরবর্তী ০৫(পাঁচ) বছরের জন্য ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে ক্যান্টিনে খাবারের মান ও অন্যান্য বিষয়ে বোর্ড কর্তৃক আরোপিত শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করতে ব্যর্থ হলে তাৎক্ষণিকভাবে ইজারা বাতিল করা হবে।

*চলমান পাতা-৬*

আলোচ্যসূচী-১০ ঃ অফিস ক্যান্টিন ইজারা প্রদান প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টমেন্ট বোর্ডের অফিস ক্যান্টিনটি ০১ আগস্ট, ২০১০ তারিখ হতে ৩১ জুলাই,২০১১ পর্যন্ত ০১ (এক) বছরের জন্য সর্বোচ্চ মাসিক ভাড়ায় ইজারা প্রদানের নিমিত্তে স্থানীয়ভাবে দরপত্র আহবান করা হলে ১৪ জুলাই, ২০১০ তারিখে ০৪ (চার) টি দরপত্র পাওয়া যায়। তার মধ্যে জনাব নবীর হোসেন মোল্লার প্রদত্ত ২,৩০০/- (দুই হাজার তিনশত) টাকার দরটি সর্বোচ্চ হয়। প্রাপ্ত দরসমূহ নিম্নরূপঃ-

| ক্রমিক নং | দরদাতার নাম | প্রদত্ত দর |
|---|---|---|
| ১। | জনাব মোঃ নবীর হোসেন মোল্লা | ২৩০০/- (মাসিক) টাকা |
| ২। | জনাব মোঃ তোফায়েল হোসেন | ১২০০/-(মাসিক) টাকা |
| ৩। | জনাব মোঃ সাজু আহমেদ | ১০০০/-(মাসিক) টাকা |
| ৪। | জনাব আবুল বাশার খান | ১৩০০/-(মাসিক) টাকা |

উক্ত অফিস ক্যান্টিন ইজারার বিগত ০৩ (তিন) বছরের প্রাপ্ত সর্বোচ্চ দর নিম্নে প্রদত্ত হলোঃ-

| ক্রমিক নং | অর্থ বছর | অনুমোদিত দর |
|---|---|---|
| ১। | ২০০৭-২০০৮ | ২০০০/- (মাসিক) টাকা |
| ২। | ২০০৮-২০০৯ | ২১০০/-(মাসিক) টাকা |
| ৩। | ২০০৯-২০১০ | ২২০০/-(মাসিক) টাকা |

সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস ক্যান্টিনটি ইজারার নিমিত্তে জনাব নবীর হোসেন মোল্লার প্রদত্ত ২৩০০/- (দুই হাজার তিনশত) টাকার সর্বোচ্চ দরটি অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১১ ঃ রজনীগন্ধা সুপার মার্কেস্থিত "রজনীগন্ধা টাওয়ার" এর ১৫ টি দোকান এবং স্বাধীনতা সরণির মাথায় নির্মিতব্য মার্কেটের ৪র্থ তলার ০৪ (চার)টি দোকান ইজারার দর অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটস্থ নির্মানাধীন 'রজনীগন্ধা টাওয়ার' এ দ্বিতীয় পর্যায়ে মোট ৪৫ টি দোকান এবং স্বাধীনতা সরনীর মাথায় নির্মিতব্য মার্কেটের ৪র্থ তলার ০৪ টি দোকান ইজারার প্রদানের জন্য দৈনিক প্রথম আলো, দি ডেইলী স্টার ও দৈনিক কালের কণ্ঠ পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ০৭/৭/২০১০ তারিখে দরপত্র আহবান করা হলে তলা ভিত্তিক নিম্নোক্ত নিম্নবর্ণিত হারে দর পাওয়া যায়। প্রাপ্ত সর্বোচ্চ দরের তুলনামূলক বিবৃতি পর্যালোচনা করে দেখা যায় যে, রজনীগন্ধা টাওয়ারের ২য় তলার ০৮ ও ১৮, ৩য় তলার ০৯ এবং ৪র্থ তলার ২০ নং দোকানের জন্য একটি করে দরপত্র পাওয়া গেছে। প্রাপ্ত দরও অন্যান্য দোকানের তুলনায় অপেক্ষাকৃত কম বলে প্রতীয়মান হয়। ক্যান্টনমেন্ট বোর্ডের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে উক্ত দোকান ০৪ টি পুনরায় বিজ্ঞপ্তি প্রকাশ করে বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

**রজনীগন্ধা টাওয়ার ঃ নিচতলা - (১ম তলা)**

| ক্র/নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন | সরকারী দর প্রতি বর্গফুট | প্রদত্ত দর | উদ্ধৃত দর প্রতি বর্গফুট | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | হারুন ইঞ্জিনিয়ারিং লিমিটেড<br>৬০ /বি ক্যান্টনমেন্ট বাজার এলাকা<br>ঢাকা ক্যান্টনমেন্ট। | ১ম তলা-১৯ | ১৭৩.১৮ | ১৫,০০০/- | ৩৭,২৩,৩৭০/- | ২১৫০০/- | ০৯ টি |
| ২। | মোঃ আবুল কালাম আজাদ<br>বসুন্ধরা আবাসিক এলাকা<br>ব্লক - সি, হাউজ নং- ২৩৭/এ, রোড নং- ০৮ বসুন্ধরা , ঢাকা। | ১ম তলা ২৩ | ১৪০.৪৪ | ১৫,০০০/- | ২৬,১২,১৮৪/- | ১৮৬০০/- | ০২ টি |

**(২য় তলা)**

| ক্র/নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন বর্গফুট | সরকারী দর প্রতি বর্গফুট | প্রদত্ত দর | উদ্ধৃত দর প্রতি বর্গফুট | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | শেখ মোঃ ইরফান<br>৩১/৬, পল্লবী মিরপুর<br>ঢাকা -১২১৬। | ২য় তলা-২ | ১৩৪.৪৫ | ১৪,০০০/- | ২০,১৬,৮৮৫/- | ১৫০০১/- | ০১ টি |
| ২। | মেজর এ কে এম হাফিজুর রহমান<br>বাড়ী নং- ১১, রোড নং-৪<br>ফ্ল্যাট নং- ৫/ বি, ডিওএইচএস বনানী,<br>ঢাকা সেনানিবাস। | ২য় তলা-৬ | ১২৭.৫৫ | ১৪,০০০/- | ২৮,৫০,০০০/- | ২২৩৪৪,- | ০৬ টি |
| ৩। | মিসেস লুৎফুন নাহার চৌধুরী<br>ডিসিসি-৬০/৩ উত্তর কাফরুল ঢাকা<br>সেনানিবাস | ২য় তলা-৮ | ১২১.৭৬ | ১৪,০০০/- | ১৮,১১,৯৫৫/- | ১৪৮৮১,- | ০১ টি |

চলমান পাতা-৭

| ক্র/নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন বর্গফুট | সরকারী দর প্রতি বর্গফুট | প্রদত্ত দর | উদ্ধৃত দর প্রতি বর্গফুট | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| ৪। | মিসেস নাসরিন আহমেদ ২৩ গ্রীন রোড ,বসতি গ্রীন হেমলেট ,ফ্ল্যাট নং বি/১০ | ২ য় তলা-৯ | ১৩৪.৪৫ | ১৪,০০০/- | ২৩,৫৩,৬১৪/- | ১৭৫০৫/- | ০২ টি |
| ৫। | ব্রিগেঃ জেনাঃ এস শাহজালাল পি এস সি (অবঃ) বাড়ী নং -২১,ফ্ল্যাট নং -এ/২ রোড নং-৪, ঢাকা সেনানিবাস। | ২য় তলা-১০ | ১৩৪.৪৫ | ১৪,০০০/- | ২৯,০৭,৩০১/- | ২১৬২৩/- | ০৩ টি |
| ৬। | জনাব রিজওয়ান হারুন ৬০/বি,ক্যান্টনমেন্ট বাজার এলাকা ঢাকা সেনানিবাস। | ২য় তলা-১৭ | ১৩৬.৬৫ | ১৪,০০০/- | ২৫,৬০,৫৮৫/- | ১৮৭৩৮/- | ০২ টি |
| ৭। | আলঃ মোসাঃ আনোয়ারা বেগম ২৬৩ পূর্ব কাফরুল মৌলভী বাড়ী,ঢাকা ক্যান্ট। | ২য়তলা-১৮ | ১৩৬.৬৫ | ১৪,০০০/- | ১৯,১৩,১০০/- | ১৪,০০০/- | ০১ টি |
| ৮। | বেগম হাসনা হেনা চৌধুরী রোড নং-৪,বাড়ী নং-২৬/সি ফ্যাট নং-৪/সি, ক্যান্টঃ বাজার এলাকা | ২য়তলা-২৬ | ১৪৮.৫৯ | ১৪,০০০/- | ২৭,৫০,০০০/- | ১৮,৫০৭/- | ০৪ টি |

## (৩য় তলা)

| ক্র/নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন বর্গফুট | সরকারী দর প্রতি বর্গফুট | প্রদত্ত দর | উদ্ধৃত দর প্রতি বর্গফুট | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | জনাব মোঃ আনোয়ার হোসেন আবিবা যোগাযোগ ইউনিট,ঢাকাক্যান্ট | ৩য় তলা-৩৩ | ১৪২.৮০ | ১৩.০০০/- | ২৪,৪০,০০০/- | ১৭০৮৬/- | ০১ টি |
| ২। | মেজর আসাদুজ্জামান (অবঃ) ক, ৬৭/১ নদ্দা (উত্তর), গুলশান-১২১২। | ৩য় তলা-০৯ | ১৩৪.৪৫ | ১৩০০০/- | ১৮৮২৩০০/- | ১৪০০০/- | ০১ টি |
| ৩। | মীর শাহনাজ ১১৩, মোল্লার টেক , সরদার পাড়া, পোঃ আশকোনা, থানা-দক্ষিন খান , জেলা- ঢাকা। | ৩য় তলা-২৮ | ১৪৮.৫৯ | ১৩০০০/- | ২৪১০৫০০/- | ১৬২২২/- | ০৩ টি |

## (৪র্থ তলা)

| ক্র/নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন বর্গফুট | সরকারী দর প্রতি বর্গফুট | প্রদত্ত দর | উদ্ধৃত দর প্রতি বর্গফুট | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | একেএম গোলাম কিবরিয়া বাড়ী নং- ৬৭০ উত্তর কাফরুল ঢাকা -১২০৬। | ৪র্থ তলা-১৪ | ১৩৩.৭৬ | ১২৫০০/- | ২৩২৭৫০০/- | ১৭৪০০/- | ০১ টি |
| ২। | এস এম জাহিদ হোসেন ৫/৫, বাইশটেকী, মিরপুর-১৩ ঢাকা। | ৪র্থ তলা-২০ | ১৩৩.৭৬ | ১২৫০০/- | ১৬৭৫০০০/- | ১২৫২২/- | ০১ টি |

## স্বাধীনতা সরণীর মাথায় নির্মানাধীন মার্কেট

| ক্রঃ নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন বর্গফুট | প্রদত্ত দর | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|
| ১। | মোঃ ইমরান হোসেন ৫২১, উত্তর ইব্রাহিম পুর, ঢাকা | ৪র্থ তলা-০১ | ১১৫.৭৭ | ৭,২২,৪০০/-(ভ্যাট - আয়কর সহ) | ০১ টি |
| ২। | সুরাইয়া আক্তার পিতা- আব্দুল লতিফ ডিএমসি- ৯৯৯/৪, দক্ষিন ইব্রাহিমপুর ঢাকা-১২০৬। | ৪র্থ তলা-০২ | ১১৫.৭৭ | ৬,৭০,০০০/- | ০২ টি |
| ৩। | মৌসুমী আক্তার পিতা -তাজুল ইসলাম বাড়ী - ১৭, রোড নং- ৫/এ, সেক্টর-৫ উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০। | ৪র্থ তলা-০৩ | ১১৫.৭৭ | ৬,৯৫,০০০/- | ০৩ টি |
| ৪। | ডাঃ রেবেকা সুলতানা পিতাঃ মরহুম তোফাজ্জল হক তালুকদার ৩৬৮, দক্ষিন কাফরুল, ঢাকা ক্যান্টঃ | ৪র্থ তলা-০৪ | ১১৫.৭৭ | ৭,১০,০০০/- | ০৩ টি |

সিদ্ধান্ত ঃ (ক) "রজনীগন্ধা টাওয়ার" এর নির্মাণাধীন ২য় তলার ০৮ ও ১৮; ৩য় তলার ০৯ এবং ৪র্থ তলার ২০ নং দোকানের প্রদত্ত দর বাতিল করে পুনরায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

*চলমান পাতা-৮*

(খ) "রজনীগন্ধা টাওয়ার" এর নির্মাণাধীন ২য় তলার ০৮ ও ১৮; ৩য় তলার ০৯ এবং ৪র্থ তলার ২০ নং দোকান ব্যতীত অবশিষ্ট দোকানগুলোর প্রাপ্ত সর্বোচ্চ দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। অনুমোদিত সর্বোচ্চ দরদাতার নিকট হতে ১ম কিস্তির টাকা আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করাসহ চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

(গ) স্বাধীনতা সরণির মাথায় নির্মাণাধীন মার্কেটের ৪র্থ তলার ০৪ টি দোকানের প্রাপ্ত সর্বোচ্চ দর অনুমোদন করা হলো। অনুমোদিত সর্বোচ্চ দরদাতার নিকট হতে ১ম কিস্তির টাকা আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করাসহ চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১২ ঃ মেজর আবু মোহাম্মদ ফেরদৌস চৌধুরী (অবঃ)-কে ট্রেড লাইসেন্স প্রদান প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মেজর আবু মোহাম্মদ ফেরদৌস চৌধুরী (অবঃ) মিরপুর ডিওএইচএস এলাকার ৪৬১ নং বাড়ীর ঠিকানায় নিরাপত্তা সেবা ও সরঞ্জামাদি সরবরাহ এবং ঠিকাদারী ও সরবরাহকারী হিসেবে ট্রেড লাইসেন্স প্রদানের জন্য অত্র দপ্তরে ০১/৬/২০১০ তারিখে আবেদন করেছেন। উল্লেখ্য যে, ট্রেড লাইসেন্স সংক্রান্ত সেনাসদর কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ১৫ অক্টোবর, ২০০৬ তারিখের ৩৯১৭/৪/ডিএইচএস/এমকিউ-২ নং পত্রের মাধ্যমে ট্রেড লাইসেন্স প্রদান সংক্রান্ত নীতিমালায় নিরাপত্তা সরঞ্জামাদির অনুকূলে লাইসেন্স প্রদানের কোন নির্দেশনা ছিল না। বিস্তারিত পর্যালোচনান্তে আবেদিত ট্রেড লাইসেন্স ইস্যু না করার বিষয়ে সভয় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ নিরাপত্তা সেবা ও সরঞ্জামাদি সরবরাহ এবং ঠিকাদারী ও সরবরাহকারী হিসেবে ট্রেড লাইসেন্স ইস্যু না করার সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি সংশ্লিষ্ট আবেদনকারীকে অবহিত করা হোক।

আলোচ্যসূচী-১৩ ঃ রজনীগন্ধা সুপার মার্কেস্থিত স্বাধীনতা সরণির মাথায় নির্মিতব্য মার্কেটের ৩য় তলায় ০৪ (চার) টি দোকান এবং নিচ তলার ০১ (এক) টি দোকানের কিস্তির টাকা পরিশোধ না করা প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত স্বাধীনতার সরণির মাথায় নির্মাণাধীন মার্কেটের দোকান বরাদ্দের জন্য দৈনিক যুগান্তর ও দৈনিক প্রথম আলো পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ১৪/১২/২০০৯ তারিখে দরপত্র আহবান করা হয়। উক্ত তারিখে প্রাপ্ত ১২ টি দোকানের সর্বোচ্চ দর ৩০ ডিসেম্বর,২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী-১০ এর মাধ্যমে অনুমোদন করা হয়। তদনুযায়ী ৩য় তলার ০৪ টি দোকানের সর্বোচ্চ দরদাতা জনাব খালেকুজ্জামান এবং নিচ তলার-৪ নং দোকানের সর্বোচ্চ দরদাতা মিসেস আমেনা মোস্তফাকে প্রথম কিস্তির টাকা পরিশোধ করার জন্য একাধিকবার লিখিতভাবে অনুরোধ করা সত্বেও অদ্যাবধি উক্ত টাকা পরিশোধ করেনি। বিস্তারিত পর্যালোচনান্তে উল্লেখিত দোকানের বিপরীতে প্রদত্ত দরপত্র বাতিল করাসহ জামানত হিসেবে জমাকৃত টাকা বাজেয়াপ্ত করে পুনঃ দরপত্র আহবান করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ উল্লেখিত দোকানের বিপরীতে প্রদত্ত দরপত্র বাতিল করাসহ জামানত হিসেবে জমাকৃত টাকা বাজেয়াপ্ত করে পুনঃ দরপত্র আহবান করার সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৯

আলোচ্যসূচী-১৪ ঃ ঢাকা সেনানিবাসস্থ "সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল" (সাবেক শহীদ ছাত্তার মার্কেট) এর ০৬ (ছয়) টি দোকান পুনঃবরাদ্দকরণ প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসস্থ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট জেনারেল হপাসপাতাল (সাবেক মহীদ সাত্তার মার্কেট) এর নীচতলায় ০১ হতে ০৬ পযর্ন্ত ০১ বছর মেয়াদী বরাদ্দকৃত ০৬ টি দোকান এর বরাদ্দ মেয়াদ ৩০/৬০/২০১০ তারিখে উত্তীর্ণ হয়েছে। উক্ত দোকান সমূহের বর্তমান মাসিক ভাড়া প্রতিবর্গ ফুট ১৮.৫০ টাকা হারে ২,৫০০/-(দুই হাজার পাঁচশত) টাকা নির্ধারিত আছে। দোকানগুলো ০১ বছর মেয়াদী বরাদ্দ সেহেতু উক্ত দোকান সমূহ হতে কোন সালামী গ্রহণ করা হয় নাই। বিস্তারিত পর্যালোচনান্তে দোকানগুলোর অবস্থান এবং বাণিজ্যিক মূল্য বিবেচনা করে ৫ বছর মেয়াদে সালামী গ্রহণ করে ইজারা প্রদান করা হলে বোর্ডের রাজস্ব আয় বৃদ্ধি পাবে বলে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ আপাততঃ "সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল" (সাবেক শহীদ ছাত্তার মার্কেট) এর ০৬ (ছয়) টি দোকানের ইজারা নবায়ন না করার সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত দোকানগুলো হতে সন্তোষজনক রাজস্ব প্রাপ্তীর লক্ষ্যে নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করা হলো ঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | জনাব হেলাল উদ্দিন আহমেদ<br>সম্মানিত সদস্য<br>ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | আহ্বায়ক |
| (২) | ১ × কর্মকর্তা<br>স্টেশন সদর দপ্তর<br>ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৩) | স্টেশন হেলথ অফিসার<br>ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৪) | রেভিনিউ অফিসার<br>ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |

উক্ত কমিটি দোকান বরাদ্দের নীতিমালা, সম্ভাব্য রাজস্ব প্রাপ্তীর সুপারিশ ও দোকানের ট্রেড ইত্যাদি বিষয়ে সুপারিশমালা প্রণয়ন করে আগামী বোর্ডসভায় উপস্থাপন করবেন।

আলোচ্যসূচী-১৫ ঃ মাঠ পর্যায়ের সরকারী কর্মকর্তাদের ন্যায় ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের মোবাইল ফোনের বিল পরিশোধ প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, সরকারী নীতিমালা অনুযায়ী মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ ব্যক্তিগত মোবাইল ফোন ব্যবহারের জন্য মাসিক ৪০০/- (চারশত) টাকা হারে বিল পেয়ে থাকেন। কিন্তু ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার উক্ত বিল পান না। বিস্তারিত আলোচনায়, ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারসহ বোর্ডের শাখা প্রধানদের দাপ্তরিক মোবাইল ফোন ও সীম থাকা প্রয়োজন মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার এবং ক্যান্টনমেন্ট বোর্ডের সকল শাখা প্রধানের জন্য একটি করে মোবাইল ফোন সেট এবং টেলিটক সীম ক্রয়সহ ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের জন্য মাসিক ৫০০/- (পাঁচশত) টাকা এবং অন্যান্য কর্মকর্তাদের জন্য মাসিক ৩০০/- (তিনশত) টাকা মোবাইল ফোনের বিল বোর্ড তহবিল হতে সংকুলান করার সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

চলমান পাতা-১০

আলোচ্যসূচী-১৬ ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | বিএ-১৪৭৫ লেঃ কর্ণেল মোঃ মিজানুর রহমান তালুকদার | ২৩৮ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (২) | বিএ- ১৮২১ লেঃ কর্ণেল (অবঃ) মোঃ ফয়জুল হক | ৬৪০ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (৩) | বিএ- ১৮৪৫ লেঃ কর্ণেল এ কে এম নজরুল ইসলাম | ৪৭০ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (৪) | জনাব মোঃ আক্তারুজ্জামান | ৪৮৮ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (৫) | বিএ-১০০২৯৫ কর্ণেল মোঃ আব্দুল আলীম | ৭৬৬ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (৬) | পি নং-১৮৬ কমান্ডার মোঃ মনিরুল হক, বিএন | ৩৫৯ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৬ (ছয়) তলা (অভ্যন্তরীন/ফাউন্ডেশন পরিবর্তন) |
| (৭) | বিএসএস-১৪৬৯ মেজর মোঃ হাফিজ (অবঃ)<br>বিএসএস-১৪৭২ মেজর কে এম আকতারুজ্জামান (অবঃ) | ৩৪০<br>৩৪২ | মিরপুর ডিওএইচএস | ০২টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা নতুন ভবন |
| (৮) | বিডি-৫৩২৩ উইং কমান্ডার মোঃ শামসুল ইসলাম খান (অবঃ) | ৩৭৫ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (৯) | বিএ-১২৪৯ মেজর জেনাঃ আলাউদ্দিন এম এ ওয়াদুদ, বিপি (অবঃ) | ১০২ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (১০) | পি নং- ১৭৪ ক্যাপ্টেন মোঃ নুরুল আজিম, বিএন (অবঃ) | ৪৯৯ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা (৫ম তলার উপর ৬ষ্ঠ তলা নির্মাণ) |
| (১১) | হাজী আরশাদ আলী | ৪৩১ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা (পুরাতন ১ তলা ভবন ভেঙ্গে ৬ তলা নতুন ভবন নির্মাণ) |
| (১২) | আলহাজ্ব হারুনুর রশিদ | সিবি-২৫১/১(ক) | মৌজা-লালাসরাই, সিএস দাগ নং-১৪৪ (অংশ) | সংশোধিত ০৬(ছয়) তলা (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (১৩) | (ক) হাজী মোঃ আনিছুর রহমান<br>(খ) শাহীন আক্তার<br>(গ) সিতারা বেগম | সিবি-১৩/৩, ৩৯/১ | মৌজা-লালাসরাই, সিএস দাগ নং-১৫০ (অংশ) | ০৬ (ছয়) তলা আবাসিক ভবন (পুরাতন সেমিপাকা ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, উল্লেখিত ১৩ (তের) টি নকশা সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন মোতাবেক কারিগরীভাবে সঠিক আছে। তবে ক্রমিক নং-১২ ও ১৩ এ উল্লেখিত নকশা দু'টির সম্মুখস্থ রাস্তার প্রশস্ততা ১০´ - ০´´ এর কম আছে মর্মে জানা যায় এবং উক্ত এলাকার মাস্টার প্ল্যান তৈরীর কাজ চলছে।

সিদ্ধান্ত ঃ ক্রমিক নং-১ থেকে ১২ এ উল্লেখিত মোট ১১ (এগার) টি নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, ক্রমিক নং-১০ ও ১১ এ উল্লেখিত ০২ (দুই) টি নকশা অনুমোদনের ক্ষেত্রে নির্ধারিত হারে রাস্তার ক্ষতিপূরণ আদায় করতে হবে। ক্রমিক নং-১২ ও ১৩ এ উল্লেখিত নকশার স্থান সরেজমিন পরিদর্শন করে পরবর্তী বোর্ডসভায় উপস্থান করতে হবে।

আলোচ্যসূচী-১৭ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস্, ২০১০ মোতাবেক মূল্যানুমান | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | রজনীগন্ধা সুপার মার্কেটের মুরগী শেডের চারিদিকে লোহার গ্রীল দ্বারা ঘেরাওকরণ। | ২,৫২,২৭২/- টাকা | বোর্ড ফান্ড |
| (২) | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের গ্যারেজের স্টোরের কলাপসিবল গেইট ও ক্যাশিয়ারের রুমের দরজা মেরামত ও রংকরণ। | ৩৭,৭৭৭/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত। |
| (৩) | মুসলিম মডার্ণ একাডেমীর ড্রেন নির্মাণ। | ৯৮,৩৫৯/- টাকা | স্কুল ফান্ড |
| (৪) | সিইও'র বাসভবনের দক্ষিণ পার্শ্বের বারান্দার টিনের চালা মেরামতকরণ। | ২০,২৭০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত। |
| (৫) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪/এ নং স্টাফ কোয়ার্টারের দরজা মেরামত করণ। | ২২,৪৯৭/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত। |
| (৬) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং-২৬/ডি-১৫ মেরামত ও রংকরণ। | ৫২,৮৭১/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত। |
| (৭) | মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপেক্সের নিয়ন সাইন বোর্ড নির্মাণ। | ১,৯৩,২৩৯/- টাকা | সালামী বাবদ প্রাপ্ত অর্থ হতে। |
| (৮) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং-২৬/ডি-১২ মেরামত ও রংকরণ। | ৫৫,৯৬৫/-টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত। |
| (৯) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের ৬০/৬ নং স্টাফ কোয়ার্টার মেরামত কাজ। | ১১,৭৮১/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত। |
| (১০) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল ও কলেজের রাস্তা, পুরাতন বেঞ্চে টাইলস লাগানো, নতুন বেঞ্চ নির্মাণ ও ডিগ্রী ভবনের বারান্দার ফ্লোরে মোজাইককরণ। | ১২,৯৫,৫২৭/- টাকা | বোর্ড ফান্ড |
| (১১) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৫/এ এর নিচতলায় গ্যারেজ নির্মাণ। | ৬৩,২১১/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত। |
| (১২) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৪/এ তৃতীয় তলা পশ্চিম পার্শ্ব মেরামত ও রংকরণ এবং ২য় তলা পূর্ব পার্শ্বে ২টি জানালা মেরামত কাজ। | ৬৯,৫৭৫/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত। |
| (১৩) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৫/ডি-২ নং স্টাফ কোয়ার্টার মেরামত ও রংকরণ কাজ। | ৫৭,০৪৫/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত। |
| (১৪) | ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের বাসভবনের জন্য একটি পাকা সিঁড়ি নির্মাণ। | ৫,৭৪,৮৬৩/- টাকা | বোর্ড ফান্ড |
| (১৫) | ক্যান্টনমেন্ট বোর্ড উচ্চ বিদ্যালয়, মিরপুর এর ছাদ মেরামত কাজ। | ১,৩০,৯৫৮/- টাকা | বোর্ড ফান্ড |

চলমান পাতা-১১

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস্‌, ২০১০ মোতাবেক মূল্যানুমান | মন্তব্য |
|---|---|---|---|
| (১৬) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের বাউন্ডারী ওয়াল উচুকরণ, এঙ্গেল দ্বারা কাঁটা তার লাগানো ও মেরামত কাজ। | ১,৭৫,৫৪০/- টাকা | স্কুল ফান্ড |
| (১৭) | শহীদ সরণি সংলগ্ন আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল সংলগ্ন ফুটওবার ব্রিজের পশ্চিম প্রান্তে জিআই পাইপের রেলিং স্থাপন কাজ (দৈর্ঘ্য ৯০´ - ০´´)। | ৬১,৯২৬/- টাকা | বোর্ড ফান্ড |
| (১৮) | শহীদ সরণি সংলগ্ন পোষ্ট অফিস বাস স্টপ (সাবেক বাচ্চেন ফিলিং স্টেশন) এর মধ্যে সৃষ্ট গর্ত মেরামত কাজ। | ২৭,৫৬৭/- টাকা | ২০১০-২০১১ আর্থিক সালের মেরামত ও রক্ষণাবেক্ষণ। |
| (১৯) | শহীদ সরণি ও স্বাধীনতা সরণির সংযোগ স্থল এবং সংযোগ স্থল হতে উত্তর দিকে (পশ্চিম লেন) ক্ষতিগ্রস্থ স্থানসহ শহীদ সরণির অন্যান্য স্থানে পটহোল মেরামত ও কার্পেটিং সীলকোটকরণ। | ১,৯৮,৯১৯/- টাকা | ২০১০-২০১১ আর্থিক সালের মেরামত ও রক্ষণাবেক্ষণ। |
| (২০) | মিরপুর ডিওএইচএস এলাকার ১ম ধাপের রাস্তা নং-১ এর উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ৪২,৩৬,২৬৮/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (২১) | মিরপুর ডিওএইচএস এলাকার ১ম ধাপের রাস্তা নং-৫ ও ১০ এর উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ৭১,৫৯,৩৯৭/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (২২) | মিরপুর ডিওএইচএস এলাকার ১ম ধাপের রাস্তা নং-৪ ও ৯ এর উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ৭১,৫৯,৩৯৭/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (২৩) | মিরপুর ডিওএইচএস এলাকার ১ম ধাপের রাস্তা নং-৩ ও ৮ এর উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ৭১,৫৯,৩৯৭/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (২৪) | মিরপুর ডিওএইচএস এলাকার ১ম ধাপের রাস্তা নং-২ ও ৭ এর উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ৬০,৯৬,৫৩৮/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (২৫) | মিরপুর ডিওএইচএস এলাকার ১ম ধাপের রাস্তা নং-১২ এর উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ৪৮,৪৯,৩৩৩/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (২৬) | মিরপুর ডিওএইচএস এলাকার ১ম ধাপের রোড নং-১২ এর জলাবদ্ধতা দূরীকরণের জন্য স্টর্ম স্যুয়ার নির্মাণ (প্লট নং-১৩২ থেকে ৪২৮ পর্যন্ত)। | ১২,৫২,৩৯২/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (২৭) | মিরপুর ডিওএইচএস এলাকার ২য় ধাপের রোড নং-১৭ এবং ২২ এর জলাবদ্ধতা দূরীকরণের জন্য স্টর্ম স্যুয়ার নির্মাণ (প্লট নং-৬৫৫ থেকে ৬১৭ পর্যন্ত)। | ১৫,০৩,৫৪৪/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (২৮) | মিরপুর ডিওএইচএস এলাকার ২য় ধাপের রোড নং-১৮ এবং ২৩ এর জলাবদ্ধতা দূরীকরণের জন্য স্টর্ম স্যুয়ার নির্মাণ (প্লট নং-৬৯৯ থেকে ৭৩৭ পর্যন্ত)। | ১৫,০৩,৫৪৪/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (২৯) | মিরপুর ডিওএইচএস এলাকার ২য় ধাপের রোড নং- ১৯ এবং ২৪ এর জলাবদ্ধতা দূরীকরণের জন্য স্টর্ম স্যুয়ার নির্মাণ (প্লট নং-৭৩৩ থেকে ৭৯২ পর্যন্ত)। | ১৫,০৩,৫৪৪/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (৩০) | মহাখালী ডিওএইচএস এর পূর্ব পার্শ্বে রেল লাইন বরাবর বাউন্ডারী ওয়ালে নিরাপত্তার জন্য দেয়ালের উপর এ্যাঙ্গেলসহ কাঁটা তারের বেড়া স্থাপন এবং পুনঃ আস্তর কাজ। | ৮,৩৯৩৩১/- টাকা | সংশ্লিষ্ট এলাকার অননুমোদিত নির্মাণের জন্য জমাকৃত অর্থ দ্বারা। |
| (৩১) | মহাখালী ডিওএইচএস এলাকার ইস্টার্ণ রোডে স্ট্রীট লাইট সরবরাহ ও স্থাপন কাজ। | ৪,৪৪,৭৭০/- টাকা | -ঐ- |
| (৩২) | শহীদ সরণিস্থ এয়ার হাউজের সন্নিকটে নব-নির্মিত ৩টি বিউটি স্পটে লন লাইট স্থাপন কাজ। | ২,১২,৫৫৫/- টাকা | বোর্ড ফান্ড |
| (৩৩) | বারিধারা ডিওএইচএস এলাকার ইস্টার্ণ রোডের (উত্তর মাথা) উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ১,৮১,৩৮২/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (৩৪) | বারিধারা ডিওএইচএস এলাকার রোড নং-৮ (পশ্চিম মাথার ত্রিকোণাকৃতির স্থান) উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ১,২১,১৫২/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (৩৫) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৫/ডি স্টাফ কোয়ার্টারের পানির সমস্যা দূরীকরণের জন্য জিআই পাইপ দ্বারা নতুন করে পানির লাইন স্থাপন কাজ। | ২৩,৬০৯/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৩৬) | সেনানিবাসের নিরাপত্তা ও অনধিকার প্রবেশ রোধকল্পে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের পশ্চিম প্রান্তে কাঁটা তারের বেড়া ও সীমানা দেয়াল সংলগ্ন স্থানে মাটি ভরাটকরণ। | ৪৯,০৬১/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত। |
| (৩৭) | মুসলিম মডার্ণ একাডেমীর অভিভাবক শেড নির্মাণ কাজ। | ৪,০৫,০০০/- টাকা | বোর্ড ফান্ড |

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত মূল্যানুমানগুলো এমইএস সিডিউল অনুযায়ী যথাযথভাবে প্রস্তুত করা হয়েছে এবং জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করা প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত ৩৭ (সাইত্রিশ) টি কাজের মূল্যানুমান অনুমোদন করা হলো। ক্রমিক নং-২, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১৮, ১১, ১২, ১৩, ১৬, ১৯, ৩৫ ও ৩৬ এ বর্ণিত কাজের জন্য দরপত্র/কোটেশন আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট কাজগুলোর মূল্যানুমান অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে জরুরী ভিত্তিতে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৮ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত মেরামত/প্রকল্পসমূহ সফলভাবে সমাপ্তির পর ০১(এক) বছর অতিক্রান্ত হওয়ায় জামানত হিসেবে জমাকৃত অর্থ ফেরত দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | জামানত হিসেবে জমাকৃত টাকার পরিমাণ | ঠিকাদারী ফার্মের নাম |
|---|---|---|---|
| (১) | ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত সেনাপল্লী উচ্চ বিদ্যালয়ের টয়লেটসমূহে টাইলস স্থাপন কাজ। | ৪০,৭৭৪/- টাকা | মেসার্স ইমেল এন্টারপ্রাইজ |
| (২) | সেনাপল্লী উচ্চ বিদ্যালয়ের খেলার মাঠ সমতলসহ ভিটি বালু ভরাট করে উন্নয়নকরণ এবং মাঠের দক্ষিণ ও পশ্চিম পার্শ্বে ড্রেণ নির্মাণ কাজ। | ৬০,২০৬/- টাকা | মেসার্স জুঁই এন্টারপ্রাইজ |
| (৩) | মহাখালী ডিওএইচএস এলাকার লেন নং-২৫ ও ২৬ এর উচ্চতাবৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ৫৬,৯২০/- টাকা | মেসার্স দি মুন এন্টারপ্রাইজ |

চলমান পাতা-১২

| ক্রমিক নং | কাজের বিবরণ | জামানত হিসেবে জমাকৃত টাকার পরিমাণ | ঠিকাদারী ফার্মের নাম |
|---|---|---|---|
| (৪) | মহাখালী ডিওএইচএস এলাকার লেন নং-২৭ এর উচ্চতাবৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ১,২৫৯০০/- টাকা | মেসার্স ইরা এন্টারপ্রাইজ |
| (৫) | মহাখালী ডিওএইচএস এলাকার লেন নং-২৪ এর উচ্চতাবৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ৩৭,৫৯১/- টাকা | মেসার্স দি মুন এন্টারপ্রাইজ |
| (৬) | মহাখালী ডিওএইচএস এলাকার লেন নং-২৭ হতে ২৮ পর্যন্ত সংযোগ সড়কের উচ্চতাবৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ২৯,০৯৪/- টাকা | মেসার্স রিয়া এন্টারপ্রাইজ |
| (৭) | মহাখালী ডিওএইচএস এলাকার ২২ নং রোডের মেরামহ ও কার্পেটিং কাজ। | ৭২,৮০০/- টাকা | মেসার্স জুঁই এন্টারপ্রাইজ |
| (৮) | মহাখালী ডিওএইচএস এলাকার ২১ নং রোডের মেরামহ ও কার্পেটিং কাজ। | ৫৫,৭৫৮/- টাকা | মেসার্স দি মুন এন্টারপ্রাইজ |
| (৯) | মহাখালী ডিওএইচএস এলাকার ২০ নং রোডের মেরামহ ও কার্পেটিং কাজ। | ২৬,৮০৩/- টাকা | মেসার্স দি মুন এন্টারপ্রাইজ |
| (১০) | মহাখালী ডিওএইচএস এলাকার ১৯/সি নং রোডের মেরামহ ও কার্পেটিং কাজ। | ৩২,৭৪৬/- টাকা | মেসার্স দি মুন এন্টারপ্রাইজ |
| (১১) | মহাখালী ডিওএইচএস এলাকার ১৯/বি নং রোডের মেরামহ ও কার্পেটিং কাজ। | ৩২,৮৯৮/- টাকা | মেসার্স দি মুন এন্টারপ্রাইজ |
| (১২) | মহাখালী ডিওএইচএস এলাকার ১৯/এ নং রোডের মেরামহ ও কার্পেটিং কাজ। | ৯৯,০৪০/- টাকা | মেসার্স দি মুন এন্টারপ্রাইজ |
| (১৩) | মহাখালী ডিওএইচএস এলাকার ১৯ নং রোডের মেরামহ ও কার্পেটিং কাজ। | ৩৩,২২৬/- টাকা | মেসার্স দি মুন এন্টারপ্রাইজ |
| (১৪) | মহাখালী ডিওএইচএস এলাকার ১৮ নং রোডের মেরামহ ও কার্পেটিং কাজ। | ৩৩,২২৬/- টাকা | মেসার্স দি মুন এন্টারপ্রাইজ |
| (১৫) | মহাখালী ডিওএইচএস এলাকার ১৬ নং রোডের মেরামহ ও কার্পেটিং কাজ। | ১২,১৭৯/- টাকা | মেসার্স দি মুন এন্টারপ্রাইজ |
| (১৬) | মহাখালী ডিওএইচএস এলাকার ০৯ নং রোডের মেরামহ ও কার্পেটিং কাজ। | ২১,০৯৫/- টাকা | মেসার্স দি মুন এন্টারপ্রাইজ |
| (১৭) | মহাখালী ডিওএইচএস লেক রোড মেরামহ ও কার্পেটিং কাজ। | ৬৩,২১১/- টাকা | মেসার্স এস এস এন্টারপ্রাইজ |
| (১৮) | মহাখালী ডিওএইচএস এর ইস্টার্ন রোড (০১ নং রোডের মাথা হতে পার্ক রোডের মাথা পর্যন্ত) মেরামহ ও কার্পেটিং কাজ। | ১,০৪,০৭৩/- টাকা | মেসার্স দি মুন এন্টারপ্রাইজ |
| (১৯) | মহাখালী ডিওএইচএস এর সেন্ট্রাল রোড মেরামত ও কার্পেটিং কাজ। | ৮৮,২০৭/- টাকা | মেসার্স দি মুন এন্টারপ্রাইজ |
| (২০) | মহাখালী ডিওএইচএস এর বনানী এমপি চেক পোষ্ট হতে গার্ড রুম পর্যন্ত লিংক রোড মেরামত ও কার্পেটিং কাজ। | ১,৩০,৬৫৫/- টাকা | মেসার্স দি মুন এন্টারপ্রাইজ |
| (২১) | মহাখালী ডিওএইচএস এলাকার রাওয়া ক্লাব হতে মসজিদ রোড পর্যন্তরাস্তা মেরামত ও কার্পেটিং কাজ। | ২,৫৮,১৪১/- টাকা | মেসার্স দি মুন এন্টারপ্রাইজ |
| (২২) | বনানী ডিওএইচএস এলাকার কমিউনিটি সেন্টারের রান্নাঘর ও নিচ তলা মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং সিকিউরিটি ব্যারাকের টয়লেট নির্মাণসহ অন্যান্য মেরামত ও সংস্কার কাজ। | ১,৬৭,০০১/- টাকা | মেসার্স অনিব ট্রেডিং |
| (২৩) | আদর্শ বিদ্যানিকেতন, মানিকদীর টয়লেটসমূহে টাইলস স্থাপন কাজ। | ৩০,০৮২/- টাকা | মেসার্স লাকী ট্রেডার্স |
| (২৪) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের টয়লেটসমূহে টাইলস্ স্থাপন কাজ। | ২২,৬৬২/- টাকা | মেসার্স মনির এন্ড কোং |
| (২৫) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং বিল্ডিং মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ৩৩,৮৮০/- টাকা | মেসার্স আমিন ব্রাদার্স |
| (২৬) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের ১০টি বাসা মেরামতকরণ। | - | মেসার্স আমিন ব্রাদার্স |
| (২৭) | মুসলিম মডার্ণ একাডেমীর টয়লেট, ইউরিন্যাল ও ওয়াসিং স্পেসে টাইলস স্থাপন কাজ। | ৪৭,৫৬৩/- টাকা | মেসার্স ফারসিয়া ট্রেডিং কোং |

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনাক্রমে জানা যায় যে, উপরোল্লিখিত মেরামত/প্রকল্পগুলো সফলভাবে সমাপ্তির ০১(এক) বছর অতিক্রান্ত হয়েছে এবং ব্যবহারকারী/উপকারভোগী এ বিষয়ে প্রত্যয়ন প্রদান করেছেন বিধায় জামানত হিসেবে জমাকৃত টাকা ফেরত দেয়া যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত প্রকল্প ১৭(সতের)টির বিরপরীতে জামানত হিসেবে জমাকৃত টাকা ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৯ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক | Responsive Tenderer | উদ্ধৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | প্রাক্তন সেনাসহায়ক স্কুল 'প্রয়াস' এর প্রবেশ গেইটের সম্মুখে ২টি ও শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের উত্তর গেটের সম্মুখে (রাস্তার উত্তর পার্শ্বে) স্পীড ব্রেকার নির্মাণ। | ৪৬,৬৫৪/- টাকা | মেসার্স আমিন এন্ড আম্বরিন ট্রেডার্স | ৪৮,৯৪৪/৭১ টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (২) | রজনীগন্ধা অফিসার্স কোয়ার্টার এলাকার শিশু পার্ক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ৩৫,৫৮৯/- টাকা | মেসার্স মনির এন্ড কোং | ৩৭,৩৫০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৩) | মিরপুর ডিওএইচএস পরিষদরে জামে মসজিদের মুসল্লিদের জন্য স্থান সংকুলান না হওয়ায় ৮২ - ০" × ২০ - ০" = ১৬৪০.০০ বর্গফুট জায়গায় অস্থায়ী ভিত্তিতে টিন, জিআই পাইপ ও এ্যাঙ্গেল দ্বারা ছাউনী নির্মাণ কাজ। | - | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ | ১,৯৫,৬৫০/- টাকা | |
| (৪) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের ০৩টি পরীক্ষাগার ও ০১টি পাঠাগার মেরামত করে সুষ্ঠ পাঠদানের উপযোগীকরণ। | ২,৮১,৬৬৭/- টাকা | মেসার্স এস এস এন্টারপ্রাইজ | ২,৯৫,৪৬৮/- টাকা | মিনি টেন্ডারের মাধ্যমে অনুমোদিত |

চলমান পাতা-১৩

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক | Responsive Tenderer | উদ্ধৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (৫) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের স্টাফ কোয়ার্টার কোয়ার্টারের ১ম তলায় ২টি বাথরুম ও ২টি বরান্দা নির্মাণ সম্প্রসারণ। | ৯,৯৪,৭০০/- টাকা | মেসার্স শরীফ এন্ড সন্স | ১০,৪৪,৪৮৯/৩০ টাকা | বোর্ড ফান্ড মিনিটশীটের মাধ্যমে অনুমোদিত |
| (৬) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮২ ও ৮৩ নং প্লটের পূর্ব পার্শ্বে অবৈধভাবে দখলকৃত জায়গা উদ্ধার করে সীমানা প্রচীর নির্মাণ। | ৮০,১৮১/- টাকা | মেসার্স মনির এন্ড কোং | ৮৪,১৪৯/- টাকা | বোর্ড ফান্ড |
| (৭) | শহীদ সরণির ফুটপাতের বিভিন্ন অংশে ক্ষতিগ্রস্থ স্ল্যাব পুনঃ নির্মাণ ও ফুটপাতের মেরামত কাজ। | ১,৪৫,০৭৯/- টাকা | মেসার্স মনির এন্ড কোং | ১,৫২,২৪৫/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৮) | শহীদ সরণি সংলগ্ন এয়ার হাউজ পার্কের গ্রীল, রজনীগন্ধা সুপার মার্কেটের গাড়ী পার্কিং এর গ্রীল এবং বনানী কবরস্থানের গ্রীল মেরামত কাজ। | ১,৫৭,৯৬৮/- টাকা | মেসার্স মনির এন্ড কোং | ১,৬৫,৭৭১/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৯) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ ও ৮ নং রোডের উত্তর পার্শ্বে বিদ্যমান সীমানা দেয়ালের উপর কাঁটা তারের বেড়া স্থাপন কাজ। | ৭৯,৭৫০/- টাকা | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ | ৮৩,৬৯৭/- টাকা | বোর্ড ফান্ড |
| (১০) | শহীদ সরণিস্থ সেনাকুঞ্জের সম্মুখে, শহীদ মঈনুল রোডের পশ্চিম প্রান্তে ও লগ এরিয়ার সম্মুখে বাম/ডান লেন চিহ্নিতকরণ বোর্ড, বাম লেনে সোজা চলার এবং ডান লেনে ইউটার্ণ বোর্ড ও শহীদ সরণি ও স্বাধীনতা সরণিতে ইউটার্ণ/ইউটার্ণ নিষেধ ইত্যাদি রোড মার্কিং সাইন দ্বারা মার্কিং কাজ। | ১,৯৮,৫০০/- টাকা | মেসার্স মনির এন্ড কোং | ২,০৮,২৪৬/- টাকা | বোর্ড ফান্ড |
| (১১) | ক্যান্টঃ হাউজের পানির ট্যাঙ্কের উপর টিনের ছাউনী স্থাপন কাজ। | ৩৩,৬১৯/- টাকা | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ | ৩৫,২৮৩/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (১২) | ক্যান্টনমেন্ট বোর্ড সংলগ্ন স্টাফ কোয়ার্টার মেরামত কাজ। | ২১,৯০৬/- টাকা | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ | ২২,৯৭৯/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোক্ত কাজগুলি সম্পাদনের জন্য দরপত্র আহ্বান করা হয় এবং গ্যারিসন ডিউটি অফিসার এর উপস্থিতিতে দরপত্র বাক্স খোলা হয়। প্রাপ্ত দরসমূহ Tender Evaluaiton Committee এর মতামতসহ সভায় বিস্তারিত পর্যালোচনান্তে অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দরগুলো নিম্নবর্ণিতভাবে অনুমোদন করা হলো ঃ-

| ক্রমিক নং | অনুমোদিত দর | মন্তব্য |
|---|---|---|
| ১ | ৪৮,৯৪৪/৭১ টাকা | |
| ২ | ৩৭,৩৫০/- টাকা | |
| ৩ | ১,৯৫,৬৫০/- টাকা | |
| ৪ | ২,৯৫,৪৬৮/- টাকা | |
| ৫ | ১০,৪৪,৪৮৯/৩০ টাকা | |
| ৬ | ৮৪,১৪৯/- টাকা | |
| ৭ | ১,৫২,২৪৫/- টাকা | |
| ৮ | ১,৬৫,৭৭১/- টাকা | |
| ৯ | ৮৩,৬৯৭/- টাকা | |
| ১০ | ২,০৮,২৪৬/- টাকা | |
| ১১ | ৩৫,২৮৩/- টাকা | |
| ১২ | ২২,৯৭৯/- টাকা | |

আলোচ্যসূচী-২০ ঃ পিপিআর সংশোধিত নীতিমালার আলোকে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত প্রকল্প/কাজ সম্পাদনের জন্য ঠিকাদার নিয়োগের নিমিত্তে দরপত্র আহ্বানের প্রেক্ষিতে Responsive Tender অনুমোদন প্রসংগে।

| ক্র/ নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউর অব রেইটস ২০১০ মোতাবেক | ৫% নিম্নে/সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম (Responsive Tenderer) | ৫% নিম্নে/ সর্বনিম্ন উদ্ধৃত দর | লটারীতে বিজয়ী ফার্মের নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | ঢাকা সেনানিবাসের বিভিন্ন শিশু পার্কে ভিটি বালু ও ভিটি মাটি ভরাটকরণ কাজ। | ১৮,৬৪,৫১৩/-টাকা | ১। মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন<br>২। মেসার্স মনির এন্ড কোং<br>৩। মেসার্স ভূঁইয়া কনস্ট্রাকশন<br>৪। মেসার্স একটিভ এন্টারপ্রাইজ<br>৫। মেসার্স শফিক ট্রেডিং কর্পোরেশন<br>৬। মেসার্স রনি এন্টারপ্রাইজ<br>৭। মেসার্স রাইসা কনস্ট্রাকশন<br>৮। মেসার্স রুদ্র এন্ড ব্রাদার্স<br>৯। দি এসোসিয়েটস্<br>১০। মেসার্স আলী এন্ড এসোসিয়েটস<br>১১। মেসার্স আসফিন এন্টারপ্রাইজ<br>১২। মেসার্স সরদার এন্ড এসোসিয়েটস<br>১৩। মেসার্স ময়নামতি ট্রেড ইন্টাঃ<br>১৪। মেসার্স মাল্টিপল ট্রেড ইন্টাঃ<br>১৫। মেসার্স হাবিব ট্রেডিং<br>১৬। মেসার্স লাকী এন্টারপ্রাইজ<br>১৭। মেসার্স তাহের এন্টারপ্রাইজ<br>১৮। মেসার্স চাঁনমিয়া ইঞ্জিঃ ওয়ার্কশপ<br>১৯। মেসার্স জি এন এন্টারপ্রাইজ<br>২০। মেসার্স অতি এন্টারপ্রাইজ | ১৭,৭১,২৮৭/৩৫ টাকা | দি মুন এন্টারপ্রাইজ | |

চলমান পাতা-১৪

| ক্র/ নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১০ মোতাবেক | ৫% নিম্নে/সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম (Responsive Tenderer) | ৫% নিম্নে/ সর্বনিম্ন উদ্ধৃত দর | লটারীতে বিজয়ী ফার্মের নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | ২১। মেসার্স হাবিব এন্ড সন্স কোং<br>২২। মেসার্স নির্মাণ কনস্ট্রাকশন<br>২৩। মেসার্স নয়ন এন্টারপ্রাইজ<br>২৪। মেসার্স এ কে কনস্ট্রাকশন<br>২৫। দি মুন এন্টারপ্রাইজ<br>২৬। মেসার্স আমিন ব্রাদার্স<br>২৭। মেসার্স ইমেল এন্টারপ্রাইজ<br>২৮। মেসার্স আজিজ কর্পোরেশন<br>২৯। মেসার্স রহমান ট্রেডার্স<br>৩০। মেসার্স জি এম ট্রেডার্স<br>৩১। মেসার্স আলী কনস্ট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স<br>৩২। মেসার্স মহি এন্ড ব্রাদার্স<br>৩৩। মেসার্স জামান ট্রেড ইন্টাঃ<br>৩৪। মেসার্স সেভেন স্টার ইলেক্ট্রনিক্স<br>৩৫। মেসার্স সেভেন সিরিজ এন্টারপ্রাইজ<br>৩৬। মেসার্স সোহেল এন্ড ব্রাদার্স<br>৩৭। মেসার্স শরীফ এন্ড সন্স<br>৩৮। মেসার্স সিফাত এন্টারপ্রাইজ<br>৩৯। মেসার্স সন্ধানী বিল্ডার্স<br>৪০। মেসার্স রিয়া এন্টারপ্রাইজ<br>৪১। মেসার্স মীম এন্টারপ্রাইজ<br>৪২। মেসার্স এম আর ট্রেড ইন্টাঃ<br>৪৩। মেসার্স এম আর এন্টারপ্রাইজ<br>৪৪। মেসার্স এম এইচ এন্টারপ্রাইজ<br>৪৫। মেসার্স লাকী ট্রেডার্স<br>৪৬। মেসার্স এস আর কনস্ট্রাকশন<br>৪৭। মেসার্স জুয়েল এন্টারপ্রাইজ<br>৪৮। মেসার্স স্মরণ এন্টারপ্রাইজ<br>৪৯। মেসার্স এ কে কনস্ট্রাকশন, ১৫৬/৫, মাটিকাটা।<br>৫০। মেসার্স শাহীন এন্টারপ্রাইজ<br>৫১। মেসার্স ইব্রাহিম এন্ড ব্রাদার্স<br>৫২। মেসার্স এস আলম এন্টারপ্রাইজ<br>৫৩। মেসার্স খোরশেদ আলম এন্টারপ্রাইজ<br>৫৪। মেসার্স সরদার ট্রেডার্স<br>৫৫। মেসার্স সাহাব উদ্দিন এন্টারপ্রাইজ<br>৫৬। মেসার্স এইচ আর ইঞ্জিনিয়ারিং ইন্টাঃ | | | |

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোক্ত কাজটি সম্পাদনের জন্য দরপত্র আহ্বান করা হয় এবং গ্যারিসন ডিউটি অফিসার এর উপস্থিতিতে দরপত্র বাক্স খোলা হয়। পিপিআর এর সংশোধিত নীতিমালার আওতায় প্রাপ্ত দরসমূহ পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায় যে, প্রাক্কলিত মূল্যানুমানের চেয়ে ৫% নিম্নে একই কাজের জন্য একাধিক ঠিকাদার কর্তৃক দর প্রদান করায় সংশ্লিষ্ট ঠিকাদার এবং জিডিও'র উপস্থিতিতে লটারীর মাধ্যমে কাজ/প্রকল্পের নামের পার্শ্বে উপরোল্লিখিতভাবে ঠিকাদার নির্বাচিত করা হয়। Tender Evaluation Committee (TEC) কর্তৃক দরপত্রগুলো মূল্যায়ন করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ প্রাক্কলিত মূল্যানুমানের চেয়ে ৫% নিম্নে দর প্রদানকারী ঠিকাদারদের মধ্যে লটারীর মাধ্যমে নির্বাচিত ঠিকাদারদের দর নিম্নোক্তভাবে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। কাজগুলো জরুরী বিধায় চূড়ান্ত অনুমোদনের জন্য অনতিবিলম্বে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে কাগজাদি প্রেরণ করা হোক।

| ক্রমিক নং | লটারীতে বিজয়ী ঠিকাদারী ফার্মের নাম | ৫% নিম্নে প্রদত্ত দর | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | দি মুন এন্টারপ্রাইজ | ১৭,৭১,২৮৭/৩৫ টাকা | |

আলোচ্যসূচী-২১ ঃ শহীদ সরণির শহীদ জাহাঙ্গীর গেইট হতে সিগন্যাল গেইট পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বের ফুটপাত ও পার্শ্বের রেলিং/ ব্যারিয়ার আধুনিকীকরণের জন্য কনসালটেন্ট নিয়োগ প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসস্থ শহীদ সরণি দিয়ে প্রায়শঃই ভিভিআইপিসহ দেশী-বিদেশী উচ্চ পদস্থ কর্মকর্তাগণ যাতায়াত করে থাকেন। কিন্তু উক্ত রাস্তার পার্শ্বে বিদ্যমান রেলিং ও অন্যান্য স্থাপনা দীর্ঘ দিনের পুরানো এবং তা দৃষ্টি কটু দেখায় বিধায় শহীদ সরণির উভয় পার্শ্বের ফুটপাত ও রেলিং/ব্যারিয়ার আধুনিকীকরণের নিমিত্তে একটি বিস্তারিত নকশা ও প্রকল্প প্রস্তাব প্রণয়নের জন্য কনসালটেন্ট নিয়োগ করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ শহীদ সরণির শহীদ জাহাঙ্গীর গেইট হতে সিগন্যাল গেইট পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বের ফুটপাত ও পার্শ্বের রেলিং/ ব্যারিয়ার আধুনিকীকরণের জন্য কনসালটেন্ট নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-১৫

আলোচ্যসূচী-২২ ঃ আদমজী ক্যান্টনমেন্ট স্কুলের নিকটবর্তী ফুটওভার ব্রিজের পশ্চিম পার্শ্বের বাস স্টপেজের স্থান পাকাকরণ প্রসংগে।

আলোচনা ঃ আদমজী ক্যান্টনমেন্ট স্কুলের নিকটবর্তী ফুটওভার ব্রিজের পশ্চিম পার্শ্বের বাস স্টপেজের স্থান পাকাকরণের জন্য এমইএস সিডিউল অব রেইটস্, ২০১০ মোতাবেক ১০,৮১,৮৫৫/- (দশ লক্ষ একাশি হাজার আটশত পঞ্চান্ন) টাকার মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে। উক্ত কাজের যাবতীয় ব্যয় সংকুলান করার জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর হতে অনুদান চাওয়া যেতে পারে।

সিদ্ধান্ত ঃ আদমজী ক্যান্টনমেন্ট স্কুলের নিকটবর্তী ফুটওভার ব্রিজের পশ্চিম পার্শ্বের বাস স্টপেজের স্থান পাকাকরণের জন্য এমইএস সিডিউল অব রেইটস্, ২০১০ মোতাবেক ১০,৮১,৮৫৫/- (দশ লক্ষ একাশি হাজার আটশত পঞ্চান্ন) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করাসহ প্রস্তাবিত অনুদান বরাদ্দের জন্য অনুরোধ করা হোক।

আলোচ্যসূচী-২৩ ঃ আদমজী ক্যান্টনমেন্ট কলেজের সম্মুখের পার্কিং এরিয়া পাকাকরণ প্রসংগে।

আলোচনা ঃ আদমজী ক্যান্টনমেন্ট কলেজের সম্মুখের পার্কিং এরিয়া পাকাকরণের জন্য এমইএস সিডিউল অব রেইটস্, ২০১০ মোতাবেক ১৩,৫৪,৫০২/- (তের লক্ষ চুয়ান্ন হাজার পাঁচশত দুই) টাকার মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে। উক্ত কাজের যাবতীয় ব্যয় সংকুলান করার জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর হতে অনুদান চাওয়া যেতে পারে।

সিদ্ধান্ত ঃ আদমজী ক্যান্টনমেন্ট কলেজের সম্মুখের পার্কিং এরিয়া পাকাকরণের জন্য এমইএস সিডিউল অব রেইটস্, ২০১০ মোতাবেক ১৩,৫৪,৫০২/- (তের লক্ষ চুয়ান্ন হাজার পাঁচশত দুই) টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করাসহ প্রস্তাবিত অনুদান বরাদ্দের জন্য অনুরোধ করা হোক।

আলোচ্যসূচী-২৪ ঃ শহীদ সরণির ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের নিকটবর্তী বাস স্টপেজের স্থান পাকাকরণ।

আলোচনা ঃ শহীদ সরণির ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের নিকটবর্তী বাস স্টপেজের স্থান পাকাকরণের জন্য এমইএস সিডিউল অব রেইটস, ২০১০ মোতাবেক ৩,৯২,৭৬১/- (তিন লক্ষ বিরানব্বই হাজার সাতশত একষট্টি) টাকার মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ আসন্ন সশস্ত্র বাহিনী দিবসের পূর্বেই উক্ত কাজ সম্পন্নের ব্যবস্থা নেয়া হোক। এ কাজের যাবতীয় ব্যয় বোর্ড ফান্ড হতে সংকুলান করা হোক।

চলমান পাতা-১৬

আলোচ্যসূচী-২৫ ঃ আসন্ন সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষে শহীদ সরণির সোডিয়াম বাতি সচল রাখার জন্য ৫০টি ১৫০ ওয়াটের সোডিয়াম বাল্ব ও অন্যান্য ফিটিংসসহ কমপ্লিট সেট ক্রয়করণ।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, আসন্ন সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষে শহীদ সরণির সোডিয়াম বাতি সচল রাখার জন্য ৫০টি ১৫০ ওয়াট Phillips Road Light প্রয়োজন। কোম্পানীর নির্ধারিত দরে প্রতিটি কমপ্লিট সেট ১১,০০০/-(এগার হাজার) টাকা হিসেবে (৫০x১১,০০০/-) = ৫,৫০,০০০/-(পাঁচ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যয় হবে। বিস্তারিত আলোচনান্তে কোম্পানীর নির্ধারিত দরে উক্ত লাইটগুলো ক্রয় করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ কোম্পানীর নির্ধারিত দরে ৫০টি ১৫০ ওয়াট সোডিয়াম বাতির কমপ্লিট সেট ক্রয়ের নিমিত্তে ৫,৫০,০০০/- (পাঁচ লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২৬ ঃ কচুক্ষেতে পুরান বাজার এলাকার মাস্টার প্ল্যান তৈরী এবং উন্নয়নমূলক কাজের নকশা ও মূল্যানুমান প্রস্তুতের জন্য মেসার্স ইউনিক কনসালটিং সার্ভিসেস প্রদত্ত ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার সর্বনিম্ন অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, কচুক্ষেত পুরান বাজার এলাকার মাস্টার প্ল্যান এবং উন্নয়নমূলক কাজের নকশা ও মূল্যানুমান প্রস্তুতের জন্য দরপত্র আহ্বান করা হলে মেসার্স ইউনিক কনসালটিং সার্ভিসেস কর্তৃক প্রদত্ত ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার সর্বনিম্ন দর দাখিল করা হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ কচুক্ষেত পুরান বাজার এলাকার মাস্টার প্ল্যান এবং উন্নয়নমূলক কাজের নকশা ও মূল্যানুমান প্রস্তুতের জন্য মসার্স ইউনিক কনসালটিং সার্ভিসেস কর্তৃক প্রদত্ত ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার সর্বনিম্ন দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২৭ ঃ কচুক্ষেত পুরান বাজার এলাকার বিভিন্ন রাস্তা ও নর্দমা নির্মাণ এবং স্ট্রীট লাইট স্থাপন প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, কচুক্ষেত পুরান বাজার এলাকার বিভিন্ন রাস্তা ও নর্দমা নির্মাণ এবং স্ট্রীট লাইট স্থাপন করার জন্য ৫,১৩,৬৫,০৪২/- (পাঁচ কোটি তের লক্ষ পঁয়ষট্টি হাজার বিয়াল্লিশ) টাকার মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে। উক্ত কাজের জন্য স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর হতে অনুদান প্রাপ্তি সাপেক্ষে প্রকল্পগুলো বাস্তবায়ন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ কচুক্ষেত পুরান বাজার এলাকার বিভিন্ন রাস্তা ও নর্দমা নির্মাণ এবং স্ট্রীট লাইট স্থাপন কাজের জন্য ৫,১৩,৬৫,০৪২/- (পাঁচ কোটি তের লক্ষ পঁয়ষট্টি হাজার বিয়াল্লিশ) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর হতে প্রয়োজনীয় অনুদান প্রাপ্তির লক্ষ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রস্তাব প্রেরণ করা হোক।

চলমান পাতা-১৭

Godby

আলোচ্যসূচী-২৮ ঃ মহাখালী ডিওএইচএস এলাকার বিটিসিএল কাটিং সংস্কার ও মেরামত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মহাখালী ডিওএইচএস এলাকায় বিটিসিএল কর্তৃক বিভিন্ন রাস্তা কর্তন করা হয় এবং তা মেরামত/সংস্কার জন্য ৫,৬৫,৯২৬/- (পাঁচ লক্ষ পয়ষট্টি হাজার নয়শত ছাব্বিশ) টাকা ক্ষতিপূরণ হিসেবে অত্র দপ্তরে জমা করা হয়েছে। উক্ত কর্তনকৃত রাস্তা মেরামতের জন্য এমইএস সিডিউল অব রেইটস্, ২০১০ মোতাবেক ৫,২১,১৬৩/- (পাঁচ লক্ষ একুশ হাজার একশত তেষট্টি) টাকার মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ মহাখালী ডিওএইচএস এলাকার বিটিসিএল কাটিং সংস্কার ও মেরামত কাজের জন্য ৫,২১,১৬৩/- (পাঁচ লক্ষ একুশ হাজার একশত তেষট্টি) টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। দরপত্র আহ্বানপূর্বক চূড়ান্ত অুনমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২৯ ঃ মহাখালী ডিওএইচএস এলাকার রোড নং-১৯/লেক উত্তর সাইটের ড্রেনের গাঁথুনীর উচ্চতা বৃদ্ধিসহ রাস্তায় সীলকোট কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, সংশ্লিষ্ট এলাকার উত্তর পার্শ্বে ৪৬ স্বতন্ত্র ব্রিগেডে সীমানা দেয়াল রয়েছে। ড্রেন করার ফলে উক্ত দেয়ালের ফাউন্ডেশন দুর্বল হয়ে পড়েছে। জরুরী ভিত্তিতে ড্রেনের দেয়াল উঁচু করাসহ R.C.C Slab এবং সংলগ্ন রাস্তা কার্পেটিং করা প্রয়োজন। এ কাজের জন্য ৪,০০,৩৯৩/- (চার লক্ষ তিনশত তিরানব্বই) টাকা ব্যয় হবে। বিস্তারিত পর্যালোচনান্তে উক্ত টাকা ব্যয়ের অনুমোদন দেয়া যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ মহাখালী ডিওএইচএস এলাকার রোড নং-১৯/লেক উত্তর সাইটের ড্রেনের গাঁথুনীর উচ্চতা বৃদ্ধিসহ রাস্তায় সীলকোট কাজের জন্য ৪,০০,৩৯৩/- (চার লক্ষ তিনশত তিরানব্বই) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। সংশ্লিষ্ট এলাকার অননুমোদিত নির্মাণের জন্য জমাকৃত ক্ষতিপূরণ হতে উক্ত কাজের যাবতীয় ব্যয় সংকুলান করা হোক। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-৩০ ঃ মহাখালী ডিওএইচএস এলাকার ২০ নং রোডের দক্ষিণ পার্শ্বের ড্রেনের গাঁথুনীর উচ্চতা বৃদ্ধিসহ আনুষঙ্গিক কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, বিষয়োক্ত রাস্তা উঁচু করা হয়েছে কিন্তু ড্রেন উঁচু করা হয়নি। ফলে বিদ্যমান অবস্থা বিরাজ করছে। সংশ্লিষ্ট কাজের জন্য ১,৫৬,৯৪২/- (এক লক্ষ ছাপ্পান্ন হাজার নয়শত বিয়াল্লিশ) টাকার মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে। বিস্তারিত পর্যালোচনান্তে উক্ত মূল্যানুমান অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ মহাখালী ডিওএইচএস এলাকার ২০ নং রোডের দক্ষিণ পার্শ্বের ড্রেনের গাঁথুনীর উচ্চতা বৃদ্ধিসহ আনুষঙ্গিক কাজের জন্য ১,৫৬,৯৪২/- (এক লক্ষ ছাপ্পান্ন হাজার নয়শত বিয়াল্লিশ) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। সংশ্লিষ্ট এলাকার অননুমোদিত নির্মাণের জন্য জমাকৃত ক্ষতিপূরণ হতে উক্ত কাজের যাবতীয় ব্যয় সংকুলান করা হোক। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

চলমান পাতা-১৮

আলোচ্যসূচী-৩১ ঃ মহাখালী ডিওএইচএস এলাকার লেকের উত্তর-পূর্ব অংশে পুরাতন আরসিসি পাইপ স্থাপন, মাটি ভরাট ও ১০৫৫´ - ০´´ দীর্ঘ রিটেইনিং ওয়াল উঁচুকরণের জন্য ৫´ - ৬´´ ইটের গাঁথুনীকরণ।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, সংশ্লিষ্ট লেকের দক্ষিণ পার্শ্বে Retaining Wall এর দেয়াল নিচু থাকায় Waikway এর মাটি ভরাট কাজ করা যাচ্ছে না। এতদ্ব্যাতীত লেকের উত্তর-পূর্ব পার্শ্বে ডে বা থাকায় ওখানে মাটি ভরাট করা প্রয়োজন। এ কাজের জন্য ৩,২৯,৩০২/- (তিন লক্ষ উনত্রিশ হাজার তিনশত দুই) টাকার মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে। বিস্তারিত আলোচনান্তে উক্ত মূল্যানুমান অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ মহাখালী ডিওএইচএস এলাকার লেকের উত্তর-পূর্ব অংশে পুরাতন আরসিসি পাইপ স্থাপন, মাটি ভরাট ও ১০৫৫´ - ০´´ দীর্ঘ রিটেইনিং ওয়াল উঁচুকরণের জন্য ৫´ - ৬´´ ইটের গাঁথুনীকরণের জন্য ৩,২৯,৩০২/- (তিন লক্ষ উনত্রিশ হাজার তিনশত দুই) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। সংশ্লিষ্ট এলাকার অননুমোদিত নির্মাণের জন্য জমাকৃত ক্ষতিপূরণ হতে উক্ত কাজের যাবতীয় ব্যয় সংকুলান করা হোক। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-৩২ ঃ আসন্ন সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষ্যে ট্রান্সকম ইলেক্ট্রনিক্স কোম্পানীর নির্ধারিত দরে সোডিয়াম বাতির ইগনিটর, ব্যালাস্ট, হাই প্রেসার সোডিয়াম বাতি ইত্যাদি ক্রয় প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, আসন্ন সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষে ট্রান্সকম ইলেক্ট্রনিক্স লিমিটেড হতে কোম্পানী নির্ধারিত দরে ৫০টি Ignitor SN-58, প্রতিটি ৯৫০/-টাকা হিসেবে (৯৫০/-×৫০) = ৪৭,৫০০/-টাকা, ৫০ টি Phillips Ballast BSN-250w, প্রতিটি ২৩০০/-টাকা হিসেবে (২৩০০/-×৫০) = ১,১৫,০০০/-টাকা, ৫০ টি High Pressure sodium lamp SON-T250w, প্রতিটি ১৮০০/-টাকা হিসেবে (১৮০০/-×৫০) = ৯০,০০০/-টাকা অর্থাৎ সর্বমোট (৪৭,৫০০/-+১,১৫,০০০/-+৯০,০০০/-) = ২,৫২,৫০০/- (দুই লক্ষ বায়ান্ন হাজার) টাকা ব্যয় হবে। উল্লেখ্য যে. উক্ত কাজের যাবতীয় ব্যয় বৈদ্যুতিক শাখার মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত (ঙ-২-খ) হতে সংকুলান করা যাবে।

সিদ্ধান্ত ঃ কোম্পানীর নির্ধারিত দরে সরাসরি কোম্পানী হতে সোডিয়াম বাতির বিভিন্ন যন্ত্রাংশ ক্রয়ের জন্য ২,৫২,৫০০/- (দুই লক্ষ বায়ান্ন হাজার) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

চলমান পাতা-১৯

আলোচ্যসূচী-৩৩ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮ নং রোডের ২ নং পানির পাম্প হঠাৎ বিকল হয়ে যাওয়ায় পুরাতন পাম্প উত্তোলন, স্টোরে থাকা পুরাতন ৬২ অশ্ব শক্তির পাম্প, মোটর রিওয়্যান্ডিংসহ অন্যান্য আনুষঙ্গিক কাজ করে পুনঃস্থাপন ও চালু করার জন্য বিল্লাল বোরিং ও ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস কর্তৃক দাখিলকৃত ১,১৬,২৫০/- (এক লক্ষ ষোল হাজার দুইশত পঞ্চাশ) টাকার সর্বনিম্ন দর অনুমোদন প্রসংগে। প্রসংগক্রমে সেনানিবাসের বাজার এলাকায় নতুন আরো একটি Deep tubewell বসানোর অগ্রগতি নিয়ে আলোচনা হয়। বোর্ডের নির্বাহী প্রকৌশলী জানান যে, সংশ্লিষ্ট ঠিকাদারকে কার্যাদেশ দেয়া হয়েছে। প্রাথমিকভাবে দুইটি স্থান নির্ধারণ করা হয়েছে। যে কোন একটি জায়গায় এ পাম্প বসানো যেতে পারে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির আলোচনায় জানা যায়-যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮ নং রোডের ২ নং পানির পাম্প হঠাৎ বিকল হয়ে যাওয়ায় পুরাতন পাম্প উত্তোলন, স্টোরে থাকা পুরাতন ৬২ অশ্ব শক্তির পাম্প, মোটর রিওয়্যান্ডিংসহ অন্যান্য আনুষঙ্গিক কাজের জন্য গত ২৫/০৭/২০১০ তারিখে দরপত্র আহ্বান করা হলে বিল্লাল বোরিং ও ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস কর্তৃক দাখিলকৃত ১,১৬,২৫০/- (এক লক্ষ ষোল হাজার দুইশত পঞ্চাশ) টাকার সর্বনিম্ন দর দাখিল করা হয়। বিস্তারিত আলোচনান্তে উক্ত দর অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ উল্লেখিত কাজের জন্য ১,১৬,২৫০/- (এক লক্ষ ষোল হাজার দুইশত পঞ্চাশ) টাকার সর্বনিম্ন দর অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো। মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে কার্যাদেশ প্রদানপূর্বক জরুরী ভিত্তিতে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। নতুন পাম্প বসানোর স্থান নির্ধারণের জন্য নিম্নোক্তভাবে একটি পর্ষদ গঠন করা হলো ঃ

**সভাপতি ঃ** সিএমএইচ (আর্মি)
ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

**সদস্যবৃন্দঃ**

(ক) ১ × প্রতিনিধি
স্টেশন সদর দপ্তর
ঢাকা সেনানিবাস।

(খ) নির্বাহী প্রকৌশলী
ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(গ) ১ × প্রতিনিধি
সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর
কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাস।

(ঘ) ১ × প্রতিনিধি
জি ই (আর্মি) মেইন্ট নর্থ
ঢাকা সেনানিবাস।

চলমান পাতা-২০

আলোচ্যসূচী-৩৪ ঃ ঢাকা সেনানিবাসস্থ ট্রাষ্ট ব্যাংকের উত্তর কোণায় ফুটপাতের গ্রীলের সাথে ১টি একাশিয়া গাছ, বাস স্ট্যান্ডে সাথে ১টি মেহগনি গাছ ও শহীদ মঈনুল রোডের পার্শ্বে বিদ্যমান ১টি মরা আম গাছ ও আনুমানিক ১৫ ম জ্বালানী কাঠ নিলামে বিক্রয় প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসস্থ ট্রাষ্ট ব্যাংকের উত্তর কোনায় ফুটপাথে পার্শ্বে গ্রিলের সাথে ০১(এক)টি একাশিয়া গাছ, ট্রাষ্ট ব্যাংকের উত্তর পার্শ্বে বাস স্ট্যান্ডের সাথে ০১(এক) মেহগনি গাছ ও শহীদ মঈনুলরোডের পার্শ্বে বিদ্যমান মরা আম গাছ ০১(এক)টি ও জ্বালানী কাঠ আনুমানি ১৫(পনের) মণ নিলামে বিক্রির জন্য ০৮ জুলাই, ২০১০ তারিখ বিজ্ঞপ্তি প্রচার করা হলে ২২ জুলাই, ২০১ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তারমধ্যে মোঃ হারুন, ১৩৭/৩-এ ইব্রাহিমপুর, ঢাকা কর্তৃ ৭৫,২৫০/-(পচাত্তর হাজার দুইশত পঞ্চাশ) টাকার সর্বোচ্চ দর দাখিল করেন। যা জিডিওর উপস্থিতিে দরপত্র বাক্সটি খোলা হয়। এখানে উল্লেখ্য যে, ট্রাষ্ট ব্যাংকের পার্শ্বের গাছ গুলির এমআরপি নির্ধারন করা হ ১১,৯৩৫/৪৯ (এগার হাজার নয়শত পয়ত্রিশ টাকা উনপঞ্চাশ পয়সা) টাকা। বিস্তারিত আলোচনান্তে উক্ত দ অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ উল্লেখিত গাছ ও জ্বালানী কাঠ নিলামে বিক্রির নিমিত্তে জনাব মোঃ হারুন, ১৩৭/৩-এ ইব্রাহিমপুর, ঢাকা কর্তৃ ৭৫,২৫০/-(পচাত্তর হাজার দুইশত পঞ্চাশ) টাকার সর্বোচ্চ দর অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়া অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-৩৫ ঃ ঢাকা সেনানিবাসস্থ বনানী ডিওএইচএস এলাকার রাস্তার পার্শ্বে মরা ও ঝড়ে ভাঙ্গা ১৯টি মেহগনি গাছ, ১টি কাঠাল গাছ, ১টি ইউক্যালিপটাস, ০৫টি দেবদারু গাছ, ৪টি বহেড়া গাছ, ৫টি একাশিয়া গাছ ও ৭টি শি গাছ ও আনুমানিক ৩০ মন গাছের ডালপালা নিলামে বিক্রয় প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসস্থ বনানী ডিওএইচএস এলাকার রাস্তার পার্শ্বে মরা ও ঝড়ে ভাঙ্গা মেহগনি গাছ ১৯(উনিশ) টি, কাঠাল গাছ ০১(এক)টি, ইউক্লিপটাশ ০১(এক)টি, দেবদার গাছ ০৫(পাচ)টি, বহেড়া গাছ ০৪(চার) টি, একাশিয়া গাছ ০৫(পাচ)টি ও শিশু গাছ ০৭(সাত)টি এবং গাছে ডালা আনুমানিক ৩০(ত্রিশ)মণ নিলামে বিক্রির জন্য ১১ জুলাই, ২০১০ তারিখ বিজ্ঞপ্তি প্রচার করা হলে ২ জুলাই, ২০১০ তারিখে ০২(দুই)টি দরপত্র পাওয়া যায়। তারমধ্যে মোজাফ্ফর, ৬০৪ ইব্রাহিমপুর, ঢাক কর্তৃক ৪৫,১৫০/-(পয়তাল্লিশ হাজার একশত পঞ্চাশ) টাকার সর্বোচ্চ দর দাখিল করেন। যা জিডিও উপস্থিতিতে দরপত্র বাক্সটি খোলা হয়। এখানে উল্লেখ্য যে, বনানী ডিওএইচএ এলাকার রাস্তার পার্শ্বের মর ও ঝড়ে ভাঙ্গা গাছ ও গাছের ডালার এমআরপি নির্ধারন করা হয় ১৬,২০০/৮৭(ষোল হাজার দুইশত টাক সাতাশি পয়সা)টাকা মাত্র। বিস্তারিত আলোচনান্তে উক্ত দর অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ উল্লেখিত গাছ ও জ্বালানী কাঠ নিলামে বিক্রির নিমিত্তে জনাব মোঃ হারুন, ১৩৭/৩-এ ইব্রাহিমপুর, ঢাকা কর্তৃক ৪৫,১৫০/-(পয়তাল্লিশ হাজার একশত পঞ্চাশ) টাকার সর্বোচ্চ দর অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

চলমান পাতা-২১

আলোচ্যসূচী-৩৬ ঃ ঢাকা সেনানিবাস এলাকার ময়লা আবর্জনা সংগ্রহের জন্য ০১টি ০৩(তিন) টনী ট্রাক ক্রয় প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসের বিভিন্ন ইউনিট এবং আবাসিক এলাকা পাওয়ার কারণে ময়লা/আবর্জনাও বহুগুনে বৃদ্ধি পেয়েছে। এ কাজের জন্য যে কয়টি গাড়ী নিয়োজিত র তা প্রয়োজনের তুলনায় কম। ০১(এক)টি কঞ্জারভেন্সী ট্রাক ক্রয়ের জন্য প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিঃ কে দর প্রদানের জন্য অত্র দপ্তর হতে গত ০৬/০৬/২০১০ তারিখে একটি পত্র দেয়া হয়। কিন্তু প্রগতি ইন্ডাষ্ট্রিজ ক অদ্যাবধী কোন দরপত্র প্রদান করা হয় নাই। এমতাবস্থায় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচারের মাধ্যমে গাড়ী ক্রয় ক পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ একটি কঞ্জারভেন্সী ট্রাক ক্রয়ের নিমিত্তে জরুরী ভিত্তিতে দরপত্র আহ্বান করা হোক।

আলোচ্যসূচী-৩৭ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পুরাতন মাইক্রোবাসটি মেরামতসহ সিএনজি-তে রূপান্তর করণ প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রশাসনিক, প্রকৌশল, কঞ্জারভে এবং রেভিনিউ শাখার কাজ বহুগুনে বৃদ্ধি পাওয়ায় অফিসের কাজের জন্য গ্যারেজে রক্ষিত পুরাতন (অকেজে মাইক্রোবাসটি মেরামত করে সিএনজিতে রূপান্তর করে ব্যবহার করা যেতে পারে। এ প্রসংগে ঢা ক্যান্টনমেন্ট বোর্ডর মেকানিক কর্তৃক উক্ত মাইক্রোবাসটি মেরামত ও সিএনজিতে রূপান্তরের জ ১,৭৫,০০০/-(এক লক্ষ পচাত্তর হাজার) টাকার মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে। বিস্তারিত আলোচনা বোর্ডের কাজে গতিশীলতা আনয়নের জন্য উক্ত মাইক্রোবাসটি মেরামতের জন্য উল্লেখিত মূল্যানু অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পুরাতন মাইক্রোবাসটি মেরামতসহ সিএনজি-তে রূপান্তর করণের জ ১,৭৫,০০০/-(এক লক্ষ পচাত্তর হাজার) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-৩৮ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার বাসা বাড়ী হতে ভ্যান গাড়ী দ্বারা ময়লা-আবর্জনা সংগ্রহ প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টঃ বাজার এলাকার বাসা বাড়ী হ ভ্যানগাড়ী দ্বারা ময়লা/আবর্জনা সংগ্রহের নিমিত্তে কচুক্ষেত পুরান বাজার এলাকার বাসিন্দা মোঃ আলমগী হোসেন এবং ক্যান্টঃ আবাসিক বাজার স্থায়ী বাসিন্দা এ কে এম সাজ্জাদ হোসেন আবেদন করেন সেনানিবাস এলাকায় বসবাসকারী বেসামরিক বাসিন্দাদের অধিকতর নাগরিক সুবিধা প্রদানের লক্ষ্যে ক্যান বাজার এলাকার বাসা বাড়ী গিয়ে ভ্যান গাড়ী দ্বারা ময়লা/আবর্জনা সংগ্রহের অনুমতি প্রদান করা যেতে পা মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার বাসা-বাড়ী হতে ভ্যান গাড়ী দ্বারা ময়লা-আবর্জনা সংগ্রহের নিমিত্তে ক্যান্ট বাজার আবাসিক এলাকার স্থায়ী বাসিন্দা এ কে এম সাজ্জাদ হোসেন-কে অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহী হলো। তবে প্রতিটি বাড়ী/ফ্ল্যাট হতে ২৫/- (পঁচিশ) টাকার বেশী ফি আদায় করা যাবে না এবং উক্ত কাজে ব্যয় বাবদ বোর্ডের কোন সংশ্লিষ্টতা থাকবে না।

চলমান পাতা-২

আলোচ্যসূচী-৩৯ ঃ 'সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল' চালু করার জন্য সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর কর্তৃক গঠিত কমিটির রিপোর্ট অবগতি ও পরবর্তী কার্যার্থে উপস্থাপন করা হলো।

আলোচনা ঃ গঠিত কমিটির রিপোর্ট অবহিত হওয়া গেল। সংশ্লিষ্ট হাসপাতালটি চালু করার জন্য ১৬,৫৯,৬১,০০০/- (ষোল কোটি উনষাট লক্ষ একষট্টি হাজার) টাকার মূল্যানুমান ও সংশোধিত আভ্যন্তরীণ নকশা প্রস্তুত কর হয়েছে। সংশোধিত আভ্যন্তরীণ নকশা ও দাখিলকৃত পিপি পর্যালোচনা করা হয়। পিপি অনুমোদনসঃ প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর এবং প্রতিরক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে উক্ত পিপি ও নকশা পরিকল্পনা কমিশনে প্রেরণ করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ সংশোধিত আভ্যন্তরীণ নকশা এবং পিপি অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনসহ প্রয়োজনীয় অ বরাদ্দের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর এবং প্রতিরক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে উক্ত পিপি ও নকশ পরিকল্পনা কমিশনে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

৪০ বিবিধ (১) ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ১ম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তিকরণ প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, আরপি কনস্ট্রাকশন (প্রাঃ) লিঃ, আহমেদ কমপ্লেক্স (৩য় তলা) ৮৩, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ফার্মগেইট, তেজগাঁও, ঢাকা-১২১৫ কর্তৃক ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির জন্য আবেদন করেছেন। উল্লেখ্য যে, উক্ত প্রতিষ্ঠানটি সড়ক ও জনপথ, পিডব্লিউডি, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ ইত্যাদি সরকারী-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের তালিকাভুক্ত ঠিকাদার হিসেবে আবেদনপত্রের সাথে কাগজপত্র সংযুক্ত করেছেন। সার্বিক বিবেচনায় প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে তালিকাভুক্ত করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ কর হয়।

সিদ্ধান্ত ঃ প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হলো।

৪০ বিবিধ (২) ঃ এ টি এম বুথ স্থাপনের বিষয়ে ট্রাষ্ট ব্যাংকের ১৫ জুলাই, ২০১০ তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, গত ৩১ মে, ২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায় আলোচ্যসূচী-২৮বিবিধ(১০) এর মাধ্যমে উপস্থাপন করা হলে সেনানিবাস এলাকায় এটিএম বুথ স্থাপনের জন্য প্রতিটি বাণিজ্যিক ব্যাংককে ক্যান্টনমেন্ট বোর্ডে এককালীন ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ফি দিয়ে অনুমতি সংগ্রহ করতে হবে। এছাড়া জমির ভাড়া মাসিক প্রতি বর্গফুট ট্রাষ্ট ব্যাংক লিঃ এর জন্য ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়। ট্রাষ্ট ব্যাংকের ১৫ জুলাই, ২০১০ তারিখের আবেদনে সেনানিবাসের আরো কয়েকটি স্থানে এটিএম বুথ স্থাপনের অনুমতি চাওয়া হয়েছে। বিস্তারিত পর্যালোচনান্তে বোর্ডের অনুমোদিত শর্তাবলী পালন সাপেক্ষে অনুমতি প্রদান করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ কর হয়।

সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের শর্তাবলী পালন সাপেক্ষে সেনানিবাস এলাকায় ট্রাষ্ট ব্যাংক কর্তৃক আবেদনে বর্ণিত স্থানসমূহে এটিএম বুথ স্থাপনের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

৪১ বিবিধ (৩) ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পুরাতন অচল ফটোকপিয়ার মেশিনটি নিলামে বিক্রিসহ একটি নতুন এনালগ ফটোকপিয়ার মেশিন ক্রয় প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পুরাতন এনালগ ফটোকপিয়ার মেশিনটি (Toshiba-2030) ১৯৯৬ সালে ক্রয় করা হয়েছিল। উক্ত মেশিনটি দীর্ঘ দিনের পুরানা হওয়ায় বর্তমানে প্রায় মেরামত অযোগ্য হয়ে পড়েছে বিধায় উক্ত মেশিনটি প্রকাশ্য নিলামে বিক্রয় করাসহ একটি নতুন ফটোকপিয়ার মেশিন ক্রয় কর প্রয়োজন। এ প্রসংগে উল্লেখ্য যে, বর্তমানে একটি নতুন ডিজিটাল মেশিন ক্রয় করতে আনুমানিক ১,২৫,০০০/- টাক প্রয়োজন যার সার্ভিসিং এবং যন্ত্রাংশের ওয়ারেন্টি থাকে ০১(এক) বছর। এ প্রসংগে উল্লেখ্য যে, প্রথম বছর অতিক্রান্ত হওয়ার পর পরবর্তী এক বছরের জন্য কমপক্ষে আরো এক লক্ষ টাকা ব্যয় হয় শুধু মাত্র সার্ভিসিং ও খুচরা যন্ত্রাংশ ক্রয় করতে। সে হিসেবে দুই বছরের সার্ভিসিং ও সকল যন্ত্রাংশের ওয়ারেন্টিসহ একটি ফটোকপি মেশিন সরবরাহের জন্য কোটেশন আহ্বান করা হলে বাংলাদেশ অফিস ইকুইপমেন্ট কর্তৃক টোশিবা-২৮৬০ মেশিনের জন্য ১,৪৮,০০০/- (এক লক্ষ আটচল্লিশ হাজার) টাকার সর্বনিম্ন দাখিল করা হয়। বিস্তারিত আলোচনান্তে উক্ত দর অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ দুই বছরের সার্ভিসিং ও সকল যন্ত্রাংশের রিপ্লেসমেন্ট ওয়ারেন্টিসহ টোশিবা-২৮৬০ মেশিন সরবরাহের নিমিত্তে ১,৪৮,০০০/- (এক লক্ষ আটচল্লিশ হাজার) টাকার সর্বনিম্ন দর অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

চলমান পাতা-২৩

৪১ বিবিধ (৪) ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন কার্যক্রম ডিজিটাইজড্ করার নিমিত্তে ১৫টি কম্পিউটার, ০১টি সার্ভার, ০৩টি ডট প্রিন্টার, অনলাইন ইউপিএস ও নেটওয়ার্কিংকরণ প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ডায়নামিক ওয়েব সাইট প্রস্তুতসহ কয়েকটি সফটওয়্যার প্রস্তুতের জন্য কার্যাদেশ প্রদান করা হয়েছে। শীঘ্রই ওয়েবসাইট ও সফটওয়্যার প্রস্তুতের কাজ সম্পন্ন হবে। বোর্ডের সার্বিক কার্যক্রম ডিজিটাইজড করার নিমিত্তে ১৫টি কম্পিউটার, ১টি সাভার, ৩টি প্রিন্টার ও নেটওয়ার্কিং কাজ সম্পন্ন করা প্রয়োজন। উক্ত কাজের জন্য আনুমানিক ৮,১৪,৫০০/- টাকা ব্যয় হবে। বোর্ড তহবিল হতে উক্ত ব্যয় সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ উল্লেখিত কম্পিউটার, সার্ভার, প্রিন্টার ও নেটওয়ার্ক সামগ্রী ক্রয় ও স্থাপনের জন্য নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করা হলো ঃ-

(১) সিএমইএস (আর্মি) ঢাকা সেনানিবাস। -- আহ্বায়ক
(২) নির্বাহী প্রকৌশলী ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। -- সদস্য
(৩) জনাব মোহাম্মদ মাসুদ রানা কম্পিউটার অপারেটর। -- সদস্য

৪১ বিবিধ (৫) ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত মহাখালী ডিওএইচএস এলাকায় নির্মিতব্য শপিং কমপ্লেক্সে দোকান/অফিস স্পেস বরাদ্দের জন্য প্রাপ্ত সর্বোচ্চ দর অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রণাধীন মহাখালী ডিওএইচএস এ নিমির্তব্য শপিং কমপ্লেক্সে দোকান/অফিস স্পেস ইজারা প্রদানের জন্য দৈনিক প্রথম আলো, কালের কণ্ঠ ও দি ডেইলী ষ্টার পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ২৬/৭/২০০৭ তারিখে দরপত্র আহবান করা হলে নিম্নোক্ত দোকান/স্পেস সমূহের সর্বোচ্চ দর পাওয়া যায় ঃ-

**ফাস্ট ফ্লোর ঃ**

| ক্র/নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন বর্গফুট | সরকারী দর প্রতি বর্গফুট | প্রদত্ত দর | উদ্ধৃত দর প্রতি বর্গফুট | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | শেখ আমিনুর রহমান<br>পিতা শেখ মোহাম্মদ কাসিম<br>বাড়ী নং-২৬৯, রোড নং-১<br>বাইতুল আমান হাউজিং সোসাইটি<br>আদবর, শ্যামলী, ঢাকা। | ফাস্ট ফ্লোর-১ | ২৪৬.৩০ | ১৫০০০/- | ১৯৭০৪০০/- | ৮,০০০/- | ০১ টি (প্রাপ্ত দর সরকারী দরের চেয়ে কম) |
| ২। | শাহজাদী মাহবুবা সুলতানা<br>পিতা প্রফেসর ড. ফকীর আঃ রশীদ<br>১৭/২৩, শেরশাহসূরী রোড(৫মতলা)<br>মোহাম্মদপুর, ঢাকা-১২০৭। | ফাস্ট ফ্লোর-২ | ২৪৪.৯৫ | ১৫০০০/- | ৪১৬৪১৫০/- | ১৭,০০০/- | ০১ টি |
| ৩। | কর্ণেল(অবঃ) এম আনোয়ার উল আজিম<br>পিতা- মৃত আব্দুল হালিম<br>বি/১৪১ হালিম ভিলা, লেইন-২২<br>ডিওএইচএস মহাখালী, ঢাকা সেনানিবাস। | ফাস্ট ফ্লোর-সুপার শপ | ২৬০৮.০০ | ১৫০০০/- | ৫৪৭৯৪০৮০/- | ২১,০১০/- | ০২ টি |

**সেকেন্ড ফ্লোর ঃ**

| ক্র/নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন বর্গফুট | সরকারী দর প্রতি বর্গফুট | প্রদত্ত দর | উদ্ধৃত দর প্রতি বর্গফুট | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | শারমিন নাহার<br>পিতা - আব্দুল আলীম<br>৯১১/১, শেওড়া পাড়া, মিরপুর, ঢাকা | সেকেন্ড ফ্লোর-৮ | | ১৪,০০০/- | ৪৯,২৬,০০০/- | ২০,০০০/- | ০২ টি |
| ২। | লায়লা আরজুদা বেগম<br>পিতা মরহুম চাঁন মিয়া ফকির<br>জামাল প্যালেস, ফ্ল্যাট নং-ডি/২<br>বাড়ী নং-২০/এ,রাস্তা-২৮<br>ধানমন্ডি, ঢাকা। | সেকেন্ড ফ্লোর-১১ | ২৮০.০০ | ১৪,০০০/- | ৫৯,৬৪,০০০/- | ২১,৩০০/- | ০১ টি |
| ৩। | এম এ আওয়াল<br>পিতা মরহুম আব্দুর রশিদ মিয়াজী<br>সুলতানা টাওয়ার (৭মতলা)<br>২ নংমিরপুর রোড, কলাবাগান<br>ধানমন্ডি, ঢাকা। | সেকেন্ড ফ্লোর-১৫ | ২৩৫.৬২ | ১৪,০০০/- | ৫৫,১৩,৬২৫/- | ২৩,৪০০/- | ০১ টি |

চলমান পাতা-২৪

**থার্ড ফ্লোর ঃ-**

| ক্রঃ নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন বর্গফুট | সরকারী দর প্রতি বর্গফুট | প্রদত্ত দর | উদ্ধৃত দর প্রতি বর্গফুট | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | শেখ আমিনুর রহমান পিতা শেখ মোহাম্মদ কাসিম বাড়ী নং-২৬৯, রোড নং-১ বাইতুল আমান হাউজিং সোসাইটি আদবর, শ্যামলী , ঢাকা। | থার্ড ফ্লোর ক্যাফেটেরিয়া (কিচেন ও স্টোরসহ) | ১৯৯১.০০ | ১৩০০০/- | ১৯৯১০০০০/- | ১০,০০০/- | ০১ টি (প্রাপ্ত দর সরকারী দরের চেয়ে কম) |

সিদ্ধান্ত ঃ নিম্নবর্ণিত দোকানগুলোর বিপরীতে প্রাপ্ত দর অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| দোকান নম্বর ও তলা | দর প্রদানকারীর নাম | প্রদত্ত দর | মন্তব্য |
|---|---|---|---|
| ফার্স্ট ফ্লোর-২ | শাহজাদী মাহবুবা সুলতানা | ৪১,৬৪,১৫০/- টাকা | অনুমোদিত |
| ফার্স্ট ফ্লোর- সুপার শপ | কর্ণেল(অবঃ) এম আনোয়ার উল আজিম | ৫,৪৭,৯৪,০৮০/- টাকা | অনুমোদিত |
| সেকেন্ড ফ্লোর-৮ | শারমিন নাহার | ৪৯,২৬,০০০/- টাকা | অনুমোদিত |
| সেকেন্ড ফ্লোর-১১ | লায়লা আরজুদা বেগম | ৫৯,৬৪,০০০/- টাকা | অনুমোদিত |
| সেকেন্ড ফ্লোর-১৫ | এম এ আওয়াল | ৫৫,১৩,৬২৫/- টাকা | অনুমোদিত |

অবশিষ্ট দোকানগুলো ইজারার নিমিত্তে বহুল প্রচারিত দৈনিক ও সাপ্তাহিক পত্রিকায় একাধিকবার বিজ্ঞপ্তি প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হোক।

৪১ বিবিধ (৬) ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে অস্থায়ীভাবে দোকান করার জন্য বরাদ্দকৃত ২৬/বি নং দোকানের জায়গায় অবস্থান পরিবর্তন প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ২৮/২/২০১০ তারিখের অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী-১৪ এর সিদ্ধান্তে ৫০,০০০/- টাকা সালামী গ্রহণ সাপেক্ষে অস্থায়ীভাবে ০৩ (তিন) বছর মেয়াদে অত্র দপ্তরের ১৫/৩/২০১০ তারিখের ঢাক্যাবো/রঃগঃসুঃমা/সাধাঃ/১৯/১২০ নং পত্রের মাধ্যমে রজনীগন্ধা সুপার মার্কেটে জনাব মোঃ নায়েব আলীকে ২৬/বি নং দোকানের জন্য ৮'-১২' =৯৬ বর্গফুট বিশিষ্ট স্থান/জায়গা বরাদ্দ প্রদান করা হয়। উক্ত স্থানটি বর্তমানে খালী অবস্থায় রয়েছে। জনাব মোঃ নায়েব আলী নির্ধারিত স্থানটির পরিবর্তে বর্তমান মুরগী বাজার/সেড সংলগ্ন দক্ষিণ পার্শ্বের খালি জায়গা পুনঃ বরাদ্দ চেয়ে ৭/৭/২০১০ তারিখে আবেদন করেছেন।

সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে দোকান বরাদ্দ করার মত বিকল্প খালি জায়গা আছে কি, না তা সরেজমিন পরিদর্শন করতঃ ইতোপূর্বে প্রণীত নকশায় অন্তর্ভূক্ত করে একটি বিস্তারিত প্রতিবেদন আগামী বোর্ডসভায় উপস্থাপন করা হোক।

৪১ বিবিধ (৭) ঃ আসন্ন শীত মৌশুমে ঢাকা সেনানিবাস এলাকার সৌন্দর্য বর্ধনের জন্য ফুলের বীজ সংগ্রহ প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, আসন্ন শীত মৌসুমে ঢাকা সেনানিবাস এলাকায় ফুলের চারা রোপন করে সৌন্দর্য বর্ধনের জন্য ফুলের বীজ সরবরাহের জন্য কুষ্টিয়া সীড স্টোর কর্তৃক নিম্নবর্ণিত ফুলের বীজের মূল্য তালিকা সরবরাহ করা হয়েছে ঃ

| ক্রমিক নং | বীজের নাম | বীজের পরিমান | দর (USA) | দর (Holland) |
|---|---|---|---|---|
| ১। | এন্টারহেনাম | ১০০০ বীজের প্যাঃ | ২২০০/- | ২৫০০/- |
| ২। | ডায়াস্থাস | ১০০০ বীজের প্যাঃ | ৮০০০/- | -- |
| ৩। | ডালিয়া | ১০০০ বীজের প্যাঃ | -- | ২৮০০/- |
| ৪। | পিটুনিয়া | ১০০০ বীজের প্যাঃ | ২০০০/- | -- |

চলমান পাতা-২৫

| ক্রমিক নং | বীজের নাম | বীজের পরিমান | দর (USA) | দর (Holland) |
|---|---|---|---|---|
| ৫। | ফ্লক্স | ১০০০ বীজের প্যাঃ | -- | ৩৫০০/- |
| ৬। | সালভিয়া | ১০০০ বীজের প্যাঃ | ২৮০০/- | -- |
| ৭। | ইনকা গাদা | ১০০০বীজের প্যাঃ | ৪৫০০/- | ৭২০০/- |
| ৮। | ভারবেনা | ১০০০ বীজের প্যাঃ | -- | ৪০০০/- |
| ৯। | জিনিয়া | ১০০০ বীজের প্যাঃ | ১০০০০/- | ১৮০০০/- |
| ১০। | রাজ গেন্ধা | ০৫ গ্রামের প্যাঃ | -- | ৫৭০০/- |
| ১১। | এস্টার | ১০০০ বীজের প্যাঃ | ১৫০০/- | -- |
| ১২। | হলিহক্স | ১০০০ বীজের প্যাঃ | ১৫০০/- | -- |
| ১৩। | ডালিয়াকাটিং | প্রতিটি পলিপ্যাকে | ১৫/-(ভারত) | -- |
| ১৪। | স্নোবল | প্রতিটি পলিপ্যাকে | ১৫/-(ভারত) | -- |
| ১৫। | গ্লাডিওলাস (বীজ) | প্রতিটি | -- | ১৫/- |

সিদ্ধান্ত ঃ ফুলের বীজের উপরোক্ত মূল্য তালিকা অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

৪১ বিবিধ (৮) ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ সি-২২৪ নং দোকান প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২৭ জুন, ১৯৮৯ তারিখের ৬১৯/৪/এ নং পত্রের আলোকে অত্র দপ্তরের ১০ জুলাই, ১৯৮৯ তারিখের ঢাক্যাবো/টিআরসি/৩০(২০)/৩/৩৮ নং পত্রের মাধ্যমে রজনীগন্ধা সুপার মার্কেটের সি-২২৪ নং দোকানটি সামরিক কোটায় জনাব মোঃ বাবুল মিয়া, পিতা- সিপাহী আইয়ুব আলীর নামে বরাদ্দ করা হয়। রেকর্ড পর্যালোচনায় দেখা যায় ১৭ অক্টোবর, ১৯৯১ তারিখের নোটারীকৃত চুক্তিনামার মাধ্যমে দোকানটি জনাব মোঃ মিজানুর রহমান এর স্ত্রী মিসেস নূরুন নাহার সুলতানা খরিদ করেন। দাখিলকৃত কাগজপত্রে দেখা যায় উক্ত দোকানের ব্যাপারে ১৪ অক্টোবর, ১৯৯৯ তারিখে দোকানের মালিক জনাব মোঃ বাবুল মিয়া কর্তৃক জনাব এ কে এম মিজানুর রহমান কে আম-মোক্তার নিযুক্ত করা হয়। রেকর্ড পর্যালোচনায় আরো দেখা যায় যে, জনাব এ কে এম মিজানুর রহমান রজনীগন্ধা সুপার মার্কেটের সি-২২৪ নং দোকানটি বিক্রির উদ্দেশ্যে ২৫ নভেম্বর, ১৯৯১ তারিখে মিসেস ফিরোজা বেগম, স্বামী- মোঃ নুরুল আমিন মৃধার সাথে বায়না চুক্তি করেন (কপি সংযুক্ত)। জনাব এ কে এম মিজানুর রহমান সি-২২৪ নং দোকানের পরিবর্তে সামরিক কোটার সি-২২৫ নং দোকানটি মিসেস ফিরোজা বেগম এর নিকট ১৪ নভেম্বর, ১৯৯২ তারিখে বিক্রি করেন। উল্লেখ্য যে, সামরিক কোটায় বরাদ্দকৃত সি-২২৪ ও সি-২২৫ নং দোকান দু'টি বিক্রির ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ করা হয়নি এবং ক্যান্টনমেন্ট বোর্ডেও নামজারী করা হয়নি। এ ব্যাপারে অত্র দপ্তরের আইন উপদেষ্টা মতামত চাওয়া হলে তিনি ১০ ফেব্রুয়ারি, ২০০২ তারিখে তাঁর আইনগত মতামতে জানান যে, *"জনাব এ কে এম মিজানুর রহমান উক্ত ২টি দোকানের কোনটিরই বরাদ্দলাভকারী বা স্বত্ত্বাধিকারী নহেন। দেখা যায় সি-২২৪ এবং সি-২২৫ নম্বর দোকান ২টি সামরিক কোটার দোকান। সামরিক কোটার দোকান যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে উক্ত দোকানের পজেশন হস্তান্তরযোগ্য নহে। বোর্ড কর্তৃক রেকর্ড পরিবর্তন সম্ভব নহে।"* অপরদিকে রজনীগন্ধা সুপার মার্কেটের সি-২২৪ নং দোকানটি ১০ মার্চ, ১৯৯৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৭ এর সিদ্ধান্ত এবং স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ১৩ এপ্রিল, ১৯৯৯ তারিখের ৭০২/৪/কিউ-৩ নং পত্রের প্রেক্ষিতে দোকানটি তালাবদ্ধ করে ১৯ জুলাই, ১৯৯৯ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডর দখলে আনা হয় (কপি সংযুক্ত)। অধিকন্তু নথি পর্যালোচনায় আরো দেখা যায় জনাব এ কে এম মিজানুর রহমান দ্বিতীয় সহকারী জজ আদালতে ক্যান্টনমেন্ট বোর্ডকে বিবাদী করে উক্ত দোকানের ব্যাপারে

**চলমান পাতা-২৬**

৩১/২০০২ নং দেওয়ানী মোকদ্দমা দায়ের করেছেন। উপরোক্ত অবস্থার প্রেক্ষিতে গত ১২ ফেব্রুয়ারি, ২০০২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৮ এর মাধ্যমে সি-২২৪ নং দোকানের বরাদ্দ বাতিল করা হয় (কপি সংযুক্ত) এবং বিষয়টি ক্যান্টনমেন্ট বোর্ডের ০৩ মার্চ, ২০০২ তারিখের ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃ/সি-২২৪/১১১ নং পত্রের মাধ্যমে বরাদ্দলাভকারী জনাব বাবুল মিয়া-কে অবহিত করা হয়। তখন হতে উক্ত দোকানটি ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণে রয়েছে। যেহেতু রজনীগন্ধা সুপার মার্কেটের সি-২২৪ নং দোকানটি ক্যান্টনমেন্ট বোর্ডসভার সিদ্ধান্ত ও স্টেশন সদর দপ্তরের নির্দেশনার প্রেক্ষিতে তালাবদ্ধ করে বোর্ডের নিয়ন্ত্রণে আনা হয়েছে এবং বরাদ্দ বাতিল করা হয়েছে সেহেতু এ ব্যাপারে পরবর্তী কার্য ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়ের সদয় নির্দেশনা প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ বিষয়টি বিস্তারিত পর্যালোচনা করে একটি প্রতিবেদন দাখিল করার জন্য নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করা হলো ঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | সিএমইএস (আর্মি)<br>ঢাকা সেনানিবাস। | -- | সভাপতি |
| (২) | ১ × কর্মকর্তা<br>স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৩) | রেভিনিউ অফিসার<br>ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |

৪১ বিবিধ (৯) ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯ নং রোডের পশ্চিম প্রান্তে সিবি-০২ নং প্লটে বাড়ীর গেইট প্রশস্তকরণ। এ প্রসংগে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২৭ জুলাই, ২০১০ তারিখের ৭০৩/১/কিউ-৩/২ নং পত্রটি উপস্থাপন করা হলো।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, সংশ্লিষ্ট বাড়ীর মালিক আবেদনে জানান যে, তিনি ক্যান্টনমেন্ট বোর্ডকে গৃহকর দেন। উক্ত গেইটটি থাকায় কোন গাড়ী তার বাড়ীতে ঢুকতে পারছেন না। গেইটটি পশ্চিম দিকে সরানোর জন্য আবেদন করেছেন।

সিদ্ধান্ত ঃ সেনানিবাসের নিরাপত্তা স্বার্থে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯ নং রোডের পশ্চিম প্রান্তে সিবি-০২ নং প্লটে বাড়ীর গেইট প্রশস্তকরণের অনুমতি প্রদান না করার সিদ্ধান্ত গৃহীত হলো।

৪১ বিবিধ (১০) ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬ নং প্লটের পরিবর্তে সেনানিবাস/চ্যাপ্টার্ড এলাকায় সমপরিমান জায়গা নকশা অনুমোদনের নিশ্চয়তাসহ বরাদ্দের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২৮ জুলাই, ২০১০ ৭০৩/১/কিউ-৩/১ নং পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ০.৫০ একর জমির নিয়ে উক্ত প্লটটি সেনাভবনের নিকটবর্তী। একতলার নকশা ক্যান্টনমেন্ট বোর্ড হতে অনুমোদন করিয়ে শর্ত সাপেক্ষে উক্ত প্লটের নামজারী করা হয়েছে। প্লট মালিকের ০৬(ছয়) তলা ভবন নির্মাণের আবেদন গ্রহণ করা হয়নি। বিকল্প প্রস্তাব হিসেবে প্লট মালিক অন্যত্র জমি চাচ্ছেন। কিন্তু ০.৫০ একর জমি সেনানিবাসে খালি নেই।

সিদ্ধান্ত ঃ বিষয়টি সেনসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-২৭

৪১ বিবিধ(১১)ঃ মহাখালী ডিওএইচএস এলাকার হযরত কালা শাহ (রঃ) মাজার সংলগ্ন পুকুরের আশে পাশের এলাকার সৌন্দর্য বর্ধনে Land Scaping ও digital Survey Work এর জন্য ইনডিজেনাস, বাড়ী#৫/২, ফ্ল্যাট#বি-২, ব্লক-এ, লালমাটিয়া, ঢাকা কর্তৃক প্রদত্ত ১,৬৫,০০০/- টাকার (Architectural & Structural- 1,10,000/- + Digital Survey- 55,000/-) সর্বনিম্ন দর অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, মহাখালী ডিওএইচএস এলাকার পুকুরের আশেপাশ খুবই নোংরা অবস্থা বিরাজ করছে। পুকুর সংস্কারসহ আশেপাশের এলাকার সৌন্দর্য বর্ধনের জন্য দরপত্র আহ্বান করা হলে ইনডিজেনাস কর্তৃক ডিজিটাল সার্ভের জন্য ৫৫,০০০/- (পঞ্চান্ন হাজার) টাকা এবং আর্কিটেকচারাল ও স্ট্রাকচারাল ড্রয়িং এর জন্য ১,১০,০০০/- (এক লক্ষ দশ হাজার) টাকার সর্বনিম্ন দর দাখিল করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ মহাখালী ডিওএইচএস এলাকার হযরত কালা শাহ (রঃ) মাজার সংলগ্ন পুকুরের আশে পাশের এলাকার সৌন্দর্য বর্ধনে Land Scaping ও digital Survey Work কাজের জন্য ১,৬৫,০০০/- টাকার সর্বনিম্ন দর অনুমোদন করা হলো। কার্যাদেশ প্রদানপূর্বক চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

৪১ বিবিধ(১২)ঃ গত ২৩ ডিসেম্বর, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী ৩৭ বিবিধ (৩) এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের সংশোধিত মাষ্টার প্ল্যান প্রণয়নে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০৪ মার্চ, ২০১০ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৪৩১-৪/শা-৮/১১২ নং পত্র প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ০৮ ডিসেম্বর, ২০০৯ তারিখের ৩৯১৭/১০/ডিওএইচএস/এমকিউ-২ নং পত্র এবং সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৪৮তম সভার আলোচ্যসূচী-১৯ এর সিদ্ধান্তের আলোকে নতুন নকশা তৈরির জন্য নির্দেশনা পাওয়া যায়। সে অনুযায়ী মূল নকশা প্রণেতা টেকনো বিল্ডার্স এন্ড কনসালটেন্টকে ২২ ডিসেম্বর, ২০০৯ তারিখে নতুন করে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার কার্যাদেশ দেয়া হয়। অতঃপর টেকনো বিল্ডার্স এন্ড কনসালটেন্ট কর্তৃক ৪.০০ কাঠার ৬২১ টি একক প্লট বিশিষ্ট তৃতীয় ধাপের সংশোধিত নকশা তৈরি করা হয়। যা সেনাসদর কর্তৃক অনুমোদিত হয়ে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। অতঃপর উর্ধ্বতন সামরিক কর্তৃপক্ষের নির্দেশে এবং সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির সিদ্ধান্তের আলোকে কিছু ৬.২৫ কাঠা এবং কিছু ৪.০০ কাঠার প্লট তৈরির জন্য কনসালটেন্টকে মৌখিকভাবে বলা হয়। কনসালটেন্ট সরেজমিনে Survey করে পুনরায় ৬.২৫ কাঠা এবং ৪.০০ কাঠার সমন্বয়ে ৫৩২ টি প্লট বিশিষ্ট সংশোধিত মাষ্টার প্ল্যান তৈরি করেন এবং তা ডিওএইচএস কমিটির সভায় বিবেচিত হয়ে অনুমোদন লাভের জন্য প্রতিরক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। সরকার কর্তৃক সংশোধিত নকশা অনুমোদিত হয়। অতঃপর উর্ধ্বতন সামরিক কর্তৃপক্ষের নির্দেশে ডিওএইচএস কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে আবার ৬.২৫ কাঠা ও ৪.০০ কাঠার সমন্বয় বাদ দিয়ে শুধু ৪.০০ কাঠার প্লট তৈরির নির্দেশনা টেকনো বিল্ডার্স এন্ড কনসালটেন্টকে দেয়া হলে তিনি সরেজমিনে পরিমাপ করে ৫৯৭ টি প্লট বিশিষ্ট তৃতীয় ধাপের নকশা তৈরি করেন। যা অনুমোদনের জন্য প্রতিরক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এখানে উল্লেখ্য যে, প্রথমে ৬.২৫ কাঠা ও ৪.০০ কাঠার সমন্বয়ে ৫৩২ টি প্লট এবং পুনরায় ৪.০০ কাঠার ৫৯৭ টি প্লট বিশিষ্ট সংশোধিত নকশা তৈরিতে মূল কার্যাদেশের সমপরিমাণ অর্থাৎ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার চাহিদা ২৩ ডিসেম্বর, ২০০৯ তারিখের বোর্ড সভায় অনুমোদন করা হয়েছে। বাস্তবে প্রথম বার নকশা তৈরির পর দ্বিতীয় ও তৃতীয় বার অর্থাৎ অতিরিক্ত ০২ (দুই) বার বিস্তারিত নকশা তৈরি করা হয়েছে। সে হিসেবে ২৩ ডিসেম্বর, ২০০৯ তারিখের বোর্ড সভায় অনুমোদিত টেকনো বিল্ডার্স এন্ড কনসালটেন্টকে ২,০০,০০০/- টাকার বিল প্রদান যুক্তিযুক্ত।

সিদ্ধান্ত ঃ পত্রটি অবহিত হওয়া গেল। ২৩ ডিসেম্বর, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী-৩৭ বিবিধ (৩) এর মাধ্যমে মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের সংশোধিত নকশা তৈরির ফি বাবদ টেকনো বিল্ডার্স-কে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা প্রদানের বিষয়টি যুক্তিযুক্ত বিধায় অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

চলমান পাতা-২৮

৪১ বিবিধ (১৩)ঃ রজনীগন্ধা সুপার মার্কেটটি ভেঙ্গে ধাপে ধাপে বেসমেন্টসহ আধুনিকীকরণের জন্য বহুতল মার্কেট নির্মাণ প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসের বর্তমান রজনীগন্ধা সুপার মার্কেটেটি ক্যান্টনমেন্ট বোর্ডের মালিকানায় লালাসরাই মৌজাস্থিত 'সি' শ্রেণীভুক্ত ১২.০০ একর জমির উপর অবস্থিত। এ মার্কেটটি ঢাকা ক্যান্টনমেন্ট এর একমাত্র মার্কেট। এখানে সমগ্র ক্যান্টনমেন্ট এলাকার সামরিক বেসামরিক জনসাধারণ ছাড়াও কাফরুল, ইব্রাহিমপুর, মিরপুর সেকশন-১৪, গুলশান, বনানী ও ডিওএইচএসসমূহের বাসিন্দাসহ প্রায় ১০০ বর্গ কিলোমিটার এলাকার জনসাধারণ এ বাজার ব্যবহার করে থাকেন। যদিও বাজারটি আয়তনের দিক থেকে ঢাকা শহরের অন্যতম বড় বাজার, তথাপি বাজারটি অপরিকল্পিতভাবে নির্মিত হওয়ায় সময়ের প্রয়োজনে একটি আধুনিক মার্কেটে যে সকল সুযোগ সুবিধা থাকা প্রয়োজন তার কোনটিই নেই বললেই চলে। নির্মিত দোকানগুলোর অধিকাংশই এক তলার ফাউন্ডেশনে তৈরী এবং সুবিন্যস্ত কোন পার্কিং, বিদ্যুৎ ও পানি সরবরাহ, টয়লেট, পয়ঃপ্রণালী (Drainage System), ডাকঘর, টেলিকমিউনিকেশন এবং অগ্নিনির্বাপক ব্যবস্থার সুবিধাদি নেই। সার্বিক বিবেচনায় বর্তমান মার্কেটটি ভেঙ্গে ধাপে ধাপে আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত একটি মার্কেট নির্মাণ একান্ত অপরিহার্য।

সিদ্ধান্ত ঃ কনসালটেন্ট নিয়োগের জন্য বহুল প্রচারিত পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হোক। বিজ্ঞপ্তি তৈরী এবং কনসালটেন্ট নিয়োগের আবেদন (EOI) যাচাই বাছাই করার জন্য নিম্নোক্তভাবে একটি গঠন করা হলো ঃ-

সভাপতি ঃ সিএমইএস (আর্মি)
ঢাকা সেনানিবাস।

সদস্যবৃন্দ ঃ (ক) ১ × প্রতিনিধি
ডি ডব্লিউ এন্ড সি ই, ঢাকা সেনানিবাস।

(খ) ১ × প্রতিনিধি
স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস।

(গ) ১ × প্রতিনিধি
এমইও, ঢাকা সেনানিবাস।

(ঘ) নির্বাহী প্রকৌশলী
ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

৪১ বিবিধ (১৪)ঃ মহাখালী ডিওএইচএস এলাকায় ২৭ নং রোডস্থ বর্তমান সিএসডি ভবন ভেঙ্গে অপসারণ প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মহাখালী ডিওএইচএস এলাকায় ২৭ নং রোডস্থ বর্তমান সিএসডি ভবনের স্থান এবং তৎসংলগ্ন খালি জমিতে বহুতল বিশিষ্ট শপিং-কাম-অফিস কমপ্লেক্স নির্মাণ করার জন্য কনসালটেন্ট নিয়োগ করা হয়েছে এবং মার্কেটের দোকান/অফিস স্পেস বিক্রির জন্য দরপত্র আহ্বান/গ্রহণ করা হয়েছে। সে জন্য পুরাতন ভবনটি ভেঙ্গে অপসারণ করা প্রয়োজন। পুরাতন ভবনটি প্রকাশ্য নিলামে বিক্রির জন্য দরপত্র আহ্বান করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়। উল্লেখ্য যে, উক্ত পুরাতন ভবনের এমআরপি নির্ধারণ করা হয়েছে ২,৯৫,০৬৬/- (দুই লক্ষ পঁচানব্বই হাজার ছেষট্টি) টাকা।

সিদ্ধান্ত ঃ মহাখালী ডিওএইচএস এলাকায় ২৭ নং রোডস্থ বর্তমান সিএসডি ভবন ভেঙ্গে অপসারণ করার নিমিত্তে ২,৯৫,০৬৬/- (দুই লক্ষ পঁচানব্বই হাজার ছেষট্টি) টাকার এমআরপি অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

**( মোঃ নাজমুছ সাদাত সেলিম )**
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

**( কর্ণেল তানভির হাসান মজুমদার )**
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।